নিত্য প্রয়োজনীয় পণ্যের বাজার মূল্য পরিস্থিতির মাসিক প্রতিবেদন

মাসের নামঃ এপ্রিল– ২০১৫।

ফসলের নামঃ ধান,চাল,গম ও ভুট্টাঃ

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সংকলিত জাতীয় গড় বাজারদর তথ্য অনুযায়ী মার্চ-২০১৫মাসের তুলনায় এপ্রিল-২০১৫ মাসে ধান, চাল,গম,আটা ও ভুট্টা-র বাজারদর ভিত্তিক পর্যবেক্ষণ প্রতিবেদন নিম্নরূপঃ

১। বাজারদর হ্রাস/বৃদ্ধি পরিস্থিতিঃ

এপ্রিল -২০১৫ মাসে জেলা অফিসসমূহ হতে প্রাপ্ত সাপ্তাহান্তিক বাজারদর বুলেটিন কৃষি বিপণন অধিদপ্তরের সদর দপ্তরে সংকলন করা হয়েছে। সংকলিত উক্ত বাজারদর তথ্যের মাধ্যমে ধান,চাল, গম ,আটা ও ভুট্টা-র প্রাপ্ত জাতীয় গড় বাজারদর মার্চ / ২০১৫ মাসের বাজারদরের সাথে তুলনামূলকভাবে নিম্ন সারণীতে দেখানো হলোঃ

সারণী - ক (মূল্য টাকায়)

	এপ্রিল/১৫ মাসের গড় বাজারদর		মার্চ / ২০১৫ মাসের গড় বাজারদর		এক মাসের ব্যবধানে দামের হ্রাস/বৃদ্ধি		শতকরা হারে দামের হ্রাস/বৃদ্ধি	
ফসল	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতিকেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	কুইন্টালে	কেজিতে
মোটা চাল	২৬৭৯	২৮.৯২	২৮২৩	৩০.৪২	-১৪৪	-১.৫০	-৫.১০%	-৪.৯৩%
মাঝারী চাল	৩২৭৮	৩৫.০৫	৩৪১৬	৩৬.৪৯	-১৩৮	-১.৪৯	-৪.০৪%	-৪.০৮%
সরু চাল	৪৪০৭	৪৬.৭৮	৪৪৩৯	৪৭.০১	-৩২	-০.২৩	-০.৭২%	-০.৪৯%
গম	২০৪৩	২২.৮৫	২২০১	২৩.৯০	-১৫৮	-১.০৫	-৭.১৮%	-৪.৩৯%
আটা	২৬১১	২৮.৭৭	২৭৬০	৩০.১৬	-১৪৯	-১.৩৯	-৫.৪০%	-৪.৬১%
ভুট্টা	১৬৮২	২০.৩০	১৭৫৬	২০.৭৯	-৭৪	-০.৪৯	-৪.২১%	-২.৩৬%

উপরোক্ত বাজারদর সারণীতে দেখা যায়, মার্চ-২০১৫ মাসের তুলনায় এপ্রিল-২০১৫ মাসে সকল প্রকার চাল, গম, আটা ও ভুট্টার পাইকারী ও খুচরা দাম উভয়ই সামান্য হ্রাস পেয়েছে।

সারণী অনুযায়ী এক মাসের ব্যবধানে চাল মোটা, মাঝারি ও সরু এর পাইকারী গড় দাম কুইন্টাল প্রতি যথাক্রমে ১৪৪/- ,১৩৮/- ও ৩২/- টাকা হ্রাস পেয়েছে। চাল–মোটা, মাঝারি ও সরু এর খুচরা গড় দাম কেজি প্রতি যথাক্রমে ১.৫০/-, ১.৪৯/-, ০.২৩/- টাকা হ্রাস পেয়েছে। এপ্রিল -২০১৫ মাসে আটার পাইকারী গড় দাম কুইন্টাল প্রতি ও খুচরা গড় দাম কেজি প্রতি যথাক্রমে ১৪৯/- টাকা ও ১.৩৯/- টাকা হ্রাস পেয়েছে । এপ্রিল -২০১৫ মাসে গমের পাইকারী গড় দাম কুইন্টাল প্রতি হ্রাস পেয়েছে ১৫৮/-টাকা এবং খুচরা গড় দাম কেজি প্রতি হ্রাস পেয়েছে ১.০৫/-টাকা । এছাড়া এপ্রিল -২০১৫ মাসে ভুট্টার পাইকারী ও খুচরা দাম সামান্য হ্রাস পেয়েছে। ভুট্টার পাইকারী গড় দাম কুইন্টাল প্রতি ৭৪/- টাকা হ্রাস পেয়েছে এবং খুচরা গড় দাম কেজি প্রতি ০.৪৯/- টাকা হ্রাস পেয়েছে ।

এপ্রিল -২০১৫ মাসে উপর্যুক্ত ফসলগুলোর বাজারদর পরিবর্তনের চিত্র একনজরে দেখা যায়। গ্রাফে বাজারদর পরিবর্তনের চিত্র নিম্নরূপঃ

পাইকারী হিসেবে প্রতি কুইন্টালের বাজারদরে পরিবর্তন	খুচরা হিসেবে প্রতি কেজির বাজারদরে পরিবর্তন





এপ্রিল -২০১৪ মাসের বাজারদর পরিস্থিতি পর্যালোচনায় বিগত বছরগুলোর সাথে চলতি বছরের এপ্রিল -২০১৫ মাসের বাজারদর তুলনা করা যেতে পারে। সুতরাং এপ্রিল /২০১৫ মাসের গড় বাজারদরকে কেন্দ্রবিন্দু ধরে বিগত ০৫ বছরের গড় বাজারদর তথ্য নিম্নে দেখানো হলোঃ

সারণী - খ (প্রতি কুইন্টালের পাইকারী ভিত্তিতে জাতীয় গড় বাজার দর)

মাস / ফসল	এপ্রিল -১১	এপ্রিল -১২	এপ্রিল -১৩	এপ্রিল -১৪	এপ্রিল -১৫
মোটা চাল	৩১৩১	২৪১৮	২৬৯১	৩১২৮	২৬৭৯
মাঝারী চাল	৩৬৪৭	২৯৩২	৩২৪০	৩৬১৩	৩২৭৮
সরু চাল	৪৪৬১	৩৯৫০	৪১১৬	৪৫৯৯	৪৪০৭
লাল গম	২০৪৯	১৯১২	২১৯৩	২১৮৮	২০৪৩
খোলা আটা	২৪৭৮	২৬৭৩	২৯৩৫	২৮১৩	২৬১১
ভুট্টা	২০১৫	১৮৮৪	১৯৪৩	১৮৫৮	১৬৮২

তথ্যসূত্রঃ বাজার তথ্য পরিসংখ্যান, ডিএএম

সারণী - গ (প্রতি কেজির খুচরা দামের ভিত্তিতে জাতীয় গড় বাজার দর)

মাস / ফসল	এপ্রিল -১১	এপ্রিল -১২	এপ্রিল -১৩	এপ্রিল -১৪	এপ্রিল -১৫
মোটা চাল	৩৩.১০	২৬.৩৩	২৮.৯৯	৩৩.৩৯	২৮.৯২
মাঝারী চাল	৩৮.২৪	৩১.৩৪	৩৪.৪১	৩৮.৪০	৩৫.০০
সরু চাল	৪৬.৭৫	৪২.১১	৪৩.৭৫	৪৮.৪৫	৪৬.৭৮
লাল গম	২২.৮৫	২১.৯২	২৪.৪৪	২৪.০৪	২২.৮৫
খোলা আটা	২৬.৮৭	২৯.১৪	৩১.৮৮	৩০.৫৯	২৮.৭৭
ভুট্টা	২২.৫৩	২২.৪৫	২২.৭৮	২১.৮৩	২০.৩০

২০১৪ সালের সাথে চলতি বছরের একই সময়ের অর্থাৎ এপ্রিল /২০১৫ মাসের বাজারদর তথ্যের তুলনামূলক উপস্থাপন চালের বাজারদর হ্রাস-বৃদ্ধির পরিমান দেখতে সাহায্য করবে।

নিম্নে তুলনামূলক বাজারদর-এর গ্রাফিক উপস্থাপন করা হলোঃ



- গ্রাফে ২০১৪ সালের এপ্রিল মাসের তুলনায় ২০১৫ সালের এপ্রিল মাসে মোটা মানের চালের বাজারদরের হ্রাস-বৃদ্ধির হার দেখানো হয়েছে। এখানে দেখা যাচ্ছে যে, গত বছরের একই সময়ের তুলনায় এ বছর মোটা চালের বাজারদর কম। এপ্রিল/২০১৪ মাসের তুলনায় এপ্রিল /২০১৫ মাসে মোটা চালের মূল্য হ্রাসের ব্যবধান প্রতি কুইন্টালে (৩১২৮-২৬৭৯) =৪৪৯/- টাকা ।



- গ্রাফে এপ্রিল /২০১৪ সালের তুলনায় এপ্রিল /২০১৫ সালে মাঝারী মানের চালের বাজার দরের হ্রাস-বৃদ্ধির হার দেখানো হয়েছে । এখানে দেখা যাচ্ছে যে, গত বছরের একই সময়ের তুলনায় এ বছর মাঝারী মানের চালের বাজারদর কম। এপ্রিল /২০১৪ মাসের তুলনায় এপ্রিল /২০১৫ মাসে মাঝারী মানের চালের মূল্য হ্রাসের হ্রাসের ব্যবধান প্রতি কুইন্টালে (৩৬১৩-৩২৭৮)=৩৩৫/- টাকা



- গ্রাফে এপ্রিল /২০১৪ সালের তুলনায় এপ্রিল /২০১৫ সালে সরু মানের চালের বাজারদরের হ্রাস-বৃদ্ধির হার দেখানো হয়েছে । এখানে দেখা যাচ্ছে যে, গত বছরের একই সময়ের তুলনায় এ বছর সরু মানের চালের বাজারদর কম । এপ্রিল /২০১৪ মাসের তুলনায় এপ্রিল /২০১৫ মাসে সরু চালের মূল্য হ্রাসের ব্যবধান প্রতি কুইন্টালে (৪৫৯৯-৪৪০৭)=১৯২/- টাকা।

২। বাজারদর প্রবনতাঃ

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সংকলিত গত ০৬ মাসে ধান,চাল,গম,আটা ও ভুট্টা ফসলের জাতীয় গড় বাজারদর চিত্র নিম্নরূপঃ

সারনী -গ

প্রতি কুইন্টালের (১০০ কেজি) পাইকারী গড় বাজারদর

পণ্য	বিবরণ	নভেম্বর/ ১৪	ডিসেম্বর/ ১৪	জানুয়ারি / ১৫	ফেব্রুয়ারি / ১৫	মার্চ/ ১৫	এপ্রিল/ ১৫
চাল	মোটা	৩১১৩	২৯৩৪	২৯২৩	২৯১৪	২৮২৩	২৬৭৯
	মাঝারী	৩৬৫১	৩৪১৭	৩৪৪৭	৩৪৭০	৩৪১৬	৩২৭৮
	সরু	৪৪১১	৪৩৫১	৪৩৯২	৪৪৬২	৪৪৩৯	৪৪০৭
গম	লাল	২২৭৬	২২৯১	২৩৪২	২২৮৩	২২০১	২০৪৩
আটা	খোলা	২৩৬৩	২৭২৩	২৮৪৩	২৮৪৩	২৭৬০	২৬১১
ভুট্টা	রবি	১৫৬২	১৫৮৭	১৬৫৬	১৭৬৬	১৭৫৬	১৬৮২

এক মাসের ব্যবধানে লাল গমে কুইন্টাল প্রতি মূল্য হ্রাস পেয়েছে ১৫৮/- টাকা।

এপ্রিল/২০১৫ সালে খোলা আটায় কুইন্টাল প্রতি মূল্য হ্রাস পেয়েছে ১৪৯/-টাকা।

সারনী -ঘ

প্রতি কেজির খুচরা গড় বাজারদর

পণ্য	বিবরণ	নভেম্বর/ ১৪	ডিসেম্বর/ ১৪	জানুয়ারি / ১৫	ফেব্রুয়ারি / ১৫	মার্চ/ ১৫	এপ্রিল/ ১৫
চাল	মোটা	৩৩.১৭	৩১.৫২	৩১.৩৮	৩১.৩৩	৩০.৪২	২৮.৯২
	মাঝারী	৩৮.৭৫	৩৬.৩৪	৩৬.৬৩	৩৭.০৩	৩৬.৪৯	৩৫.০০
	সরু	৪৬.৫২	৪৬.১৭	৪৬.৪৪	৪৭.১৬	৪৭.০১	৪৬.৭৮
গম	লাল	২৫.২৫	২৫.৩০	২৫.৩৫	২৪.২৩	২৩.৯০	২২.৮৫
আটা	খোলা	২৯.১৭	২৯.৭৩	৩০.৮৫	৩০.৯২	৩০.১৬	২৮.৭৭
ভুট্টা	রবি	১৯.৫০	১৯.৫৫	১৯.৫৯	২০.৫৩	২০.৭৯	২০.৩০

এক মাসের ব্যবধানে লাল গম কেজি প্রতি খুচরা মূল্য ১.০৫/- টাকা হ্রাস পেয়েছে।

এবং এপ্রিল /২০১৫ সালে খোলা আটায় কেজি প্রতি খুচরা মূল্য ১.৩৯/- টাকা হ্রাস পেয়েছে।

সারনী অনুযায়ী আটার বাজারদর বৃদ্ধি পেয়েছে। নিম্নে গ্রাফে দর হ্রাস ও বৃদ্ধির গতি দেখানো হলোঃ

এপ্রিল /১৫ ও মার্চ /১৫ মাসে গম-আটার পাইকারী দর হ্রাস-বৃদ্ধির চিত্র



এপ্রিল /১৫ ও মার্চ /১৫ মাসে গম-আটার খুচরা দর হ্রাস-বৃদ্ধির চিত্র



মার্চ /১৫ ও এপ্রিল /১৫ মাসের উপর্যুক্ত তুলনামূলক বাজারদর সারণী ও গ্রাফে প্রতিফলিত হয় যে, মার্চ /১৫ মাসের তুলনায় এপ্রিল /১৫ মাসে গম ও আটা এর পাইকারী ও খুচরা দাম উভয়ই হ্রাস পেয়েছে। তবে ভুট্টার পাইকারী দাম সামান্য হ্রাস ও খুচরা দাম সামান্য বৃদ্ধি পেয়েছে।

৩। চাল ও গম এর আমদানীর তুলনামূলক হালচিত্রঃ-

চাল	এপ্রিল /২০১৪ মাসে আমদানীর পরিমান (মেঃ টনে) ০০০	এপ্রিল /২০১৫ মাসে আমদানীর পরিমান (মেঃ টনে) ০০০
সরকারী পর্যায়ে	-	-
বেসরকারী পর্যায়ে	১৯০.০০	১৩০৮.৯১
মোট =	১৯০.০০	১৩০৮.৯১

চাল এর আমদানীর তুলনামূলক চিত্র



গম	এপ্রিল /২০১৪ মাসে আমদানীর পরিমান (মেঃ টনে) ০০০	এপ্রিল /২০১৫ মাসে আমদানীর পরিমান (মেঃ টনে) ০০০
সরকারী পর্যায়ে	১৪০০.২০	২৬৯.৩০
বেসরকারী পর্যায়ে	৭৯৬.৫০	২৮৩৭.০০
মোট =	২১৯৬.৭০	৩১০৬.৩০

তথ্য সূত্রঃ- এম আই এস ডিজি ফুড।

গম এর আমদানীর তুলনামূলক চিত্র



৪। চাল ও গমের তুলনামূলক আন্তর্জাতিক বাজারদর এর হালচিত্রঃ

চাল(সাদা, থাই ১০০% বি গ্রেড		হ্রাস-বৃদ্ধি (%)	গম (SRW -2)		হ্রাস-বৃদ্ধি (%)
এপ্রিল /২০১৪	এপ্রিল /২০১৫		এপ্রিল /২০১৪	এপ্রিল /২০১৫	
৪৪০.০০	৩৮৭.০০	-১২%	২৯২.০০	২১২.০০	-২৭.৩৯%

তথ্য সূত্রঃ-International Commodity Prices (CIWP).

পর্যালোচনাঃ

চালঃ- এপ্রিল /২০১৪ মাসের তুলনায় এ বছর এপ্রিল /২০১৫ মাসে চালের আন্তর্জাতিক বাজার মূল্য সামান্য হ্রাস পেয়েছে। যা শতকরা হিসেবে ১২% মূল্য হ্রাস ঘটেছে।

গমঃ- এপ্রিল /২০১৪ বছরের তুলনায় এ বছর এপ্রিল /২০১৫ মাসে গমের আন্তর্জাতিক বাজার মূল্য বেশ হ্রাস পেয়েছে। যা শতকরা হিসেবে ২৭.৩৯% মূল্য হ্রাস ঘটেছে ।

গম ও আটার বাজারদর বৃদ্ধির যে কারণগুলো পাওয়া যায় সংক্ষেপে তা নিম্নরূপঃ

ক) আন্তর্জাতিক বাজার মূল্য বৃদ্ধি ।

খ) সার ব্যতীত অন্যান্য উপকরণের মূল্য বৃদ্ধি ।

গ) ব্যবসায়ীদের যোগসাজসে মূল্য বৃদ্ধি।

ঘ) সরকারী মনিটরিং ব্যবস্থা অপ্রতুল।

ঙ) কার্যকর বিতরণ ব্যবস্থার অভাব।

৫ । বাজারদর নিয়ন্ত্রিত পর্যায়ে রাখার সম্ভাব্য সুপারিশঃ

আভ্যন্তরীন বাজারে ধান-চাল ও গম-আটার বাজারদর-এ হ্রাসের প্রবণতা লক্ষ্যে করা যাচ্ছে। এ পরিস্থিতিতে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা গেলে বাজার পরিস্থিতি কৃষক ভোক্তার সহায়ক হবে।

- মৌসুমে সরাসরি কৃষকদের কাছ থেকে ধান/চাল/গম ক্রয় করা হলে একদিকে কৃষক যেমন ন্যায্যমূল্য পাবে। অন্যদিকে বাজারমূল্য সহনীয় থাকবে।
- ধান চালের সরকারী মজুদের ধারন ক্ষমতা বাড়ানো যেতে পারে।
- ধানের উৎপাদন খরচ হ্রাসের লক্ষ্যে কৃষি উপকরণের উপর ভর্তুকি প্রদান সহ সরকার প্রদত্ত কৃষি সহায়তাসমূহ সরাসরি কৃষকের নিকট পৌঁছানোর কার্যকরী ব্যবস্থা গ্রহণ।

- সেচ মৌসুমে বিদ্যুতের লোডশেডিং ও তেলের মূল্য বেশী হওয়ায় তাদের উৎপাদন খরচ বেড়ে যায়। সেক্ষেত্রে সেচ মৌসুমে তেলের মূল্য ও লোড শেডিং সহনীয় পর্যায়ে রাখার ব্যাপারে কার্যকরী ব্যবস্থা গ্রহণ।
- কৃষকদের জন্য স্বল্প সূদে ও সহজ শর্তে ব্যাংক ঋণের ব্যবস্থা গ্রহন।
- মৌসুমে স্বল্প মূল্যে কৃষি পণ্য বিক্রয়ের (Distress Sale) মাধ্যমে কৃষকরা যাতে ক্ষতির স্বীকার না হন সেলক্ষ্যে শস্য গুদাম ঋণ কার্যক্রম জোড়দার করণ এবং সারা দেশ ব্যাপী সম্প্রসারণের উদ্যোগ গ্রহন করা।
- কৃষি পণ্যের সুষ্ঠু বিপণনের জন্য বিপণন ব্যয়, ব্যবসায়ীদের লভাংশ ইত্যাদি বিষয়ে সমীক্ষা করে বিপণনের সমস্যা চিহিতকরণ এবং বিপণন ব্যবস্থার উন্নয়ন ও বিপণন ব্যয় হ্রাসের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা।
- কৃষকদের উৎপাদিত ধান-চাল সরাসরি ভোক্তা ও বাজারে বিক্রয়ের জন্য বিপণন সুবিধা (পরিবহণ, যোগাযোগ, গুদামজাত, ঋণ সুবিধা) ইত্যাদি নিশ্চিত করা।
- উৎপাদন চাহিদা ও সরবরাহের মধ্যে সমন্বয় সাধন করা।
- সাময়িকভাবে সরকারী ও বেসরকারী পর্যায়ে চাল আমদানী বন্ধ রাখা। প্রয়োজনে স্বল্প পরিসরে চাল রপ্তানির বিষয়টি বিবেচনা করা যেতে পারে।
- বাজারে ধানের দামের নিম্নমূখিতা এবং সরবরাহের পর্যাপ্ততার সময় কৃষকদের স্বার্থে আভ্যন্তরীন বাজার থেকে উদ্বৃত্ত ধান একটি নির্দিষ্ট সময়ের জন্য সরকার ক্রয় করবে এবং দামের উর্ধ্বমূখিতা ও সরবরাহের স্বল্পতার সময় তা বাজারে ছেড়ে দিয়ে দাম ও সরবরাহের স্থিতিশীলতার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।
- কৃষক, মিল মালিক/ব্যবসায়ী এবং সরকারী সংস্থা সমূহের মধ্যে উৎপাদন, মজুদ ও বাজারদর এবং সরকারী নীতিমালা বিষয়ক একটি সমন্বিত তথ্যের অবাধ প্রবেশাধিকার নিশ্চিত করতে হবে।
- সর্বোপরি কৃষকদের জন্য শস্য বীমা চালু করা যেতে পারে।

ফসলের নামঃ ডাল, ভোজ্য তেল ও মসলা।

১. পণ্যঃ ডাল।

আমাদের নিত্য প্রয়োজনীয় পণ্যের তালিকায় ডাল একটি গুরুত্বপূর্ন পণ্য। দেশজ উৎপাদনও আমদানীর মাধ্যমে এর চাহিদা পূরণ হয়ে থাকে। তাই বাজার মূল্যে বেশ পরিবর্তন লক্ষ্যনীয়। নিয়মিত কার্যক্রমের আওতায় কৃষি বিপণন অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস সমূহ হতে প্রাপ্ত সাপ্তাহিক বাজারদর বুলেটিন সদর দপ্তরে সংকলন করা হয়। গত মাসের সংকলিত বাজারদর ও পুর্বে সংকলিত উপাত্ত পর্যালোচনা করে এপ্রিল’ ২০১৫, মার্চ’২০১৫, এপ্রিল’ ২০১৪ মাসের বিভিন্ন প্রকার ডালের পাইকারী জাতীয় গড় বাজার দর এবং মাসিক ও বাৎসরিক হ্রাস/বৃদ্ধির হার নিম্নে সারণীতে প্রদর্শণ করা হলো।

সারনী- ১: বিভিন্ন প্রকার ডালের পাইকারী বাজারদর পরিস্থিতি।

(টাকা/কুইন্টাল)

ক্রঃ নং	দ্রব্যের নাম	রিপোর্টিং মাস এপ্রিল/২০১৫	গত মাস মার্চ/২০১৫	গত বছর এপ্রিল/২০১৫	মাসিক দরের হ্রাস/বৃদ্ধি (%)	বাৎসরিক দরের হ্রাস/বৃদ্ধি (%)
১	ডাল-মাশ-গোটা	৮৫২৯	৮৩৪০	৭৫৪৫	২%	১৩%
২	ডাল-মাশ-ভাংগা	৮৫৫১	৮২৩১	৬৯১০	৪%	২৪%
৩	ডাল- মসুর-দেশী-গোটা	১০০৪৪	১০২৯৫	৯৯৫৩	-২%	১%
৪	ডাল- মসুর-দেশী-ভাংগা	৮৩৬৬	৮৪৫০	৭৯১৮	-১%	৬%
৫	ডাল- মসুর- বিদেশী- উন্নত	৯৯৫৬	২০২০৬	৯৭৩৩	-৫১%	২%
৬	ডাল- মুগ-দেশী	১০৮৪৪	১১০৫৭	১১৮৮৮	-২%	-৯%
৭	ডাল- ছোলা-গোটা	৫৯৮৭	৫৭৮২	৫৬৩৬	৪%	৬%
৮	ডাল- ছোলা-ভাংগা	৫৬৭৭	৫৫৬৩	৫৪৮৫	২%	৪%
৯	ডাল- মটর-দেশী	৫৪০০	৫৩০৪	৬৫২১	২%	-১৭%
১০	ডাল- মটর-বিদেশী	৩৭০৫	৩৬৭৭	৪০০১	১%	-৭%
১১	ডাল- খেসারী	৩৬১৭	৩৫২১	৩৭৪১	৩%	-৩%

এপ্রিল'২০১৫ মার্চ'২০১৫ ও এপ্রিল'২০১৪ মাসের ডালের জাতীয় গড় পাইকারী বাজারদর চিত্রের সাহায্য দেখানো হলো



১.ক. গত মাসের সাথে তুলনামূলক পর্যালোচনা।

উপরের ছকে বর্নির্ত তথ্য পর্যালোচনা করে দেখা যায়, মার্চ'২০১৫ মাসের তুলনায় এপ্রিল'২০১৫ মাসে ডাল-মসুর-দেশী-গোটা, মসুর-দেশী-ভাংগা, ডাল মসুর-বিদেশী-উন্নতমানের ও ডাল-মুগ-দেশী ছাড়া অন্যান্য সব ডালের দাম বৃদ্ধি পেয়েছে ।

১. খ গত বছরের এই সময়ের সাথে তুলনামূলক পর্যালোচনা।

ছকে বর্ণিত বাজারদর তথ্য বিশ্লেষনে লক্ষ্য করা যায় এপ্রিল'২০১৫ মাসের তুলনায় এপ্রিল'২০১৪ মাসে ডাল মুগ দেশী, ডাল মটর দেশী, ডার মটর বিদেশী ও ডাল খেসারী ব্যাতিত অন্যান্য সকল ডালের দর বৃদ্ধি পেয়েছে।

১.গ. বাজারদর হ্রাস বৃদ্ধির কারণ।

মাসিকঃ অধিদপ্তরের মাঠ পর্যায়ে হতে প্রাপ্ত তথ্য ও বিদ্যমান বাজারদর পর্যালোচনা করে দেখা যায় মার্চ '২০১৫ মাসের তুলনায় এপ্রিল'২০১৫ মাসে সরবরাহ কম থাকায় বেশীর ভাগ ডালের দর বৃদ্ধি পেয়েছে।

বার্ষিকঃ- এপ্রিল'২০১৫ এর তুলনায় এপ্রিল'২০১৪ মাসে অর্থাৎ গত বছরের তুলনায় এ বছর সরবরাহ কম থাকায় বেশীর ভাগ ডালের দর বৃদ্ধি পেয়েছে বলে প্রতিয়মান হয়।

২. পণ্যঃ ভোজ্য তেল।

ভোজ্য তেল নিত্য প্রয়োজনীয় গুরুত্বপুর্ন পণ্য হিসেবে বিবেচিত। সরিষা, সয়াবিন এবং পাম তেল ভোজ্য তেল হিসেবে উল্লেখযোগ্য। সরিষার কিছু অংশ আমাদের দেশে উৎপন্ন হলেও সয়াবিন এবং পাম তেলের চাহিদার পুরোটাই আমদানী করে পূরণ করা হয়। ভোজ্য তেলের সংকলিত বাজারদর তথ্য পর্যালোচনা পূবর্ক মার্চ'২০১৫ মাসের তুলনায় এপ্রিল '২০১৫ মাসের এবং গত বছর এপ্রিল' ২০১৪ মাসের তুলনায় চলতি বছরের এপ্রিল' ২০১৫ মাসে বিভিন্ন ধরনের ভোজ্য তেলের মাসিক পাইকারী জাতীয় গড় বাজার দর এবং মাসিক ও বাৎসরিক হ্রাস/বৃদ্ধির হার নিম্নে সারনীতে প্রদর্শন করা হলো

সারনী- ২ : বিভিন্ন প্রকার ভোজ্য তেলের পাইবারী বাজারদর পরিস্থিতি।

(টাকা/ প্রতি ১০০ লি)

ক্রঃ নং	দ্রব্যের নাম	রিপোর্টিং মাস এপ্রিল/১৫	গত মাস মার্চ'১৫	গত বছর এপ্রিল/১৪	মাসিক দরের হ্রাস/বৃদ্ধি (%)	বাৎসরিক দরের হ্রাস/বৃদ্ধি (%)
১	সরিষা-উন্নতমানের	১২৪৪৩	১২১৪৫	১২৬২০	২%	-১%
২	সয়াবিন (খোলা)	৮১৩৫	৮৩৫৬	৯৬২০	-৩%	-১৫%
৩	পাম	৬২২৫	৬৩৯৭	৭৫৬১	-৩%	-১৮%

মার্চ'২০১৫ এপ্রিল'২০১৫ এবং এপ্রিল'২০১৪ মাসের ভ্যেজ্য তেলের পাইকারী জাতীয় গড় চিত্রের সাহায্য দেখানো হলোঃ



২. ক . গত মাসের সাথে তুলনামূলক পর্যালোচনা ।

উল্লেখিত ছকের তথ্য পর্যালোচনা করে দেখা যায় মার্চ'২০১৫ মাসের তুলনায় এপ্রিল' ২০১৫ মাসে সরিষা-উন্নতমানের বৃদ্ধি পেয়েছে এছাড়া অন্যান্য সকল তেলের দর হ্রাস পেয়েছে ।

২. খ . গত বছরের এই সময়ের সাথে তুলনামূলক পর্যালোচনা ।

এপ্রিল'২০১৪ মাসের তুলনায় এপ্রিল'২০১৫ মাসে সকল তেলের দর হ্রাস পেয়েছে

২.গ. বাজারদর হ্রাস/ বৃদ্ধির কারণ।

বাজার তথ্য পর্যালোচনা ও অন্যান্য তথ্য উপাত্তের ভিত্তিতে বিশ্লেষণে দেখা যায় চাহিদার তুলনায় সরবরাহ বেশী থাকায় এবং আর্ন্তজাতিক বাজারে তেলের দাম হ্রাস পাওয়ায় এপ্রিল'২০১৪ মাসের তুলনায় এপ্রিল'২০১৫ মাসে বেশীর ভাগ তেলের দাম হ্রাস পেয়েছে।

ফসলের নামঃ পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), রসুন (দেশী ও আমদানীকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী- ও আমদানীকৃত), হলুদ- দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া।

বাজারদর পরিস্থিতিঃ

কৃষি বিপণন অধিদপ্তরের সদর দপ্তরে জেলা অফিস সমূহ হতে প্রাপ্ত সাপ্তাহিক বাজারদর বুলেটিন হতে সংকলিত বাজারদর মার্চ '২০১৫ মাসের তুলনায় এপ্রিল'২০১৫ মাসে পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), রসূন (দেশী ও আমদানীকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানীকৃত), হলুদ-দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী ও খুচরা জাতীয় গড় মাসিক বাজার দরের হ্রাস/বৃদ্ধির হার নিম্নে সারণীতে প্রদর্শন করা হলোঃ

পণ্যের নাম (শ্রেণি অনুযায়ী)	এপ্রিল, ২০১৫		মার্চ, ২০১৫		মাসিক দামের হ্রাস/বৃদ্ধি	
	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি
পিঁয়াজ-দেশী	২৬০৫	৩১	২৯৬১	৩৫	-১২%	-১২%
পিঁয়াজ-বিদেশী	২৫২০	২৯	২৬৩৮	৩১	-৪%	-৭%
রসূন-দেশী	৪২৪৩	৫৪	৪১৩২	৫৩	৩%	২%
রসূন-বিদেশী	৭৪৬৭	৮৬	৭৪৬০	৮৫	০%	১%
শুকনা মরিচ	১৪৩৯৮	১৬৫	১৪৮৯০	১৬৮	-৩%	-২%
কাঁচা মরিচ	২০৫৯	৩২	২৩৪৫	৩৯	-১২%	-১৮%
আদা-দেশী	৮৬১৫	১০৭	৮২৬৯	১০১	৪%	৬%
আদা-বিদেশী	৮৬৪৫	১০৭	৮১৩৬	১০৪	৬%	৩%
হলুদ-(গোল)	১৩৬৫৯	১৫৪	১২৯৮০	১৪৬	৫%	৫%
হলুদ-(লম্বা)	১৩৪৯৬	১৫১	১২৫৬২	১৪২	৭%	৬%
ধনিয়া	১৩৭৯১	১৫৯	১৬৮৯৬	১৮০	-১৮%	-১২%

মার্চ, ২০১৫ ও এপ্রিল, ২০১৫ মাসের জাতীয় গড় পাইকারী মূল্য এর পরিবর্তনের চিত্রঃ



মার্চ, ২০১৫ ও এপ্রিল, ২০১৫ মাসের জাতীয় গড় খুচরা মূল্য এর পরিবর্তনের চিত্রঃ



মসলা জাতীয় ফসলের মার্চ'২০১৫ মাসের তুলনায় এপ্রিল'২০১৫ মাসের পাইকারী ও খুচরা জাতীয় গড় বাজার দরের হ্রাস/বৃদ্ধির পরিস্থিতি ও পর্যালোচনা 'ক'থেকে 'ছ' পর্যন্ত সারণীতে সংক্ষেপে দেখানো হলো ।

সারণী-'ক' পণ্য "পিঁয়াজ" (দেশী ও আমদানীকৃত)

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	এপ্রিল, ২০১৫		মার্চ, ২০১৫		শতকরা হারে হ্রাস/বৃদ্ধি	
	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি
পিঁয়াজ-দেশী	২৬০৫	৩১	২৯৬১	৩৫	-১২%	-১২%
পিঁয়াজ-বিদেশী	২৫২০	২৯	২৬৩৮	৩১	-৪%	-৭%

উপরোক্ত সারণী 'ক' বিশ্লেষণ করে দেখা যায় পিঁয়াজ- দেশী এর দাম মার্চ, ২০১৫ মাসের তুলনায় এপ্রিল' ২০১৫ মাসে পাইকারী ও খুচরা উভয় দামে -১২% এবং বিদেশী- পিয়াজের ক্ষেত্রে পাইকারী দামে -৪% ও খুচরা দারে -৭% হারে হ্রাস পেয়েছে।

সারণী-'খ' পণ্য "রসুন" (দেশী ও আমদানীকৃত)

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	এপ্রিল, ২০১৫		মার্চ, ২০১৫		শতকরা হারে হ্রাস/বৃদ্ধি	
	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি
রসূন-দেশী	৪২৪৩	৫৪	৪১৩২	৫৩	৩%	২%
রসূন-বিদেশী	৭৪৬৭	৮৬	৭৪৬০	৮৫	০%	১%

উপরোক্ত সারণী 'খ'-বিশ্লেষণ করে দেখা যায়, রসুন দেশী মার্চ' ২০১৫ মাসের তুলনায় এপ্রিল' ২০১৫ মাসে পাইকারী দামে ৩% ও খুচরা দামে ২% হারে বৃদ্ধি পেয়েছে এবং রসূন-বিদেশী পাইকারী দামে অপরিবর্তিত আছে ও খুচরা দামে ১% হারে বৃদ্ধি পেয়েছে।

সারণী-গঃ পণ্য 'শুকনা মরিচ'

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	এপ্রিল, ২০১৫		মার্চ, ২০১৫		শতকরা হারে হ্রাস/বৃদ্ধি	
	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি
শুকনা মরিচ	১৪৩৯৮	১৬৫	১৪৮৯০	১৬৮	-৩%	-২%

উপরোক্ত সারণী 'গ' বিশ্লেষণ করে দেখা যায় শুকনা মরিচ-এর দাম মার্চ'২০১৫ মাসের তুলনায় এপ্রিল '২০১৫ মাসে পাইকারী দামে -৩% ও খুচরা দামে -২% হারে হ্রাস পেয়েছে।

সারণী-ঘঃ পণ্য “কাঁচা মরিচ”

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	এপ্রিল, ২০১৫		মার্চ, ২০১৫		শতকরা হারে হ্রাস/বৃদ্ধি	
	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি
কাঁচা মরিচ	২০৫৯	৩২	২৩৪৫	৩৯	-১২%	-১৮%

সারণী ‘ঘঃ বিশ্লেষণ করে দেখা যায়, কাঁচা মরিচ এর দাম মার্চ ,২০১৫ মাসের তুলনায় এপ্রিল’ ২০১৫ মাসে পাইকারী দামে -১২% ও খুচরা দামে -১৮% হারে হ্রাস পেয়েছে

সারণী-ঙঃ পণ্য ‘আদা’ (দেশী ও আমদানীকৃত)

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	এপ্রিল, ২০১৫		মার্চ, ২০১৫		শতকরা হারে হ্রাস/বৃদ্ধি	
	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি
আদা-দেশী	৮৬১৫	১০৭	৮২৬৯	১০১	৪%	৬%
আদা-বিদেশী	৮৬৪৫	১০৭	৮১৩৬	১০৪	৬%	৩%

উল্লিখিত সারণী ‘ঙ’ বিশ্লেষণ করে দেখা যায় দেশী আদার দাম মার্চ, ২০১৫ মাসের তুলনায় এপ্রিল’ ২০১৫ মাসে পাইকারী দামে ৪% ও খুচরা দামে ৬% এবং বিদেশী আদা পাইকারী দামে ৬% ও খুচরা দামে ৩% হারে বৃদ্ধি পেয়েছে।

সারণী-চঃ পণ্য “হলুদ”-দেশী (গোল ও লম্বা)

পণ্যের নাম (শ্রেণি অনুযায়ী)	এপ্রিল, ২০১৫		মার্চ, ২০১৫		শতকরা হারে হ্রাস/বৃদ্ধি	
	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি
হলুদ-(গোল)	১৩৬৫৯	১৫৪	১২৯৮০	১৪৬	৫%	৫%
হলুদ-(লম্বা)	১৩৪৯৬	১৫১	১২৫৬২	১৪২	৭%	৬%

জাতীয় গড় বাজার দর অনুযায়ী সারণী ‘চ’-বিশ্লেষণ করে দেখা যায়, হলুদ দেশী (গোল) মার্চ’২০১৫ মাসের তুলনায় এপ্রিল’ ২০১৫ মাসে পাইকারী ও খুচরা উভয় দামে ৫% হারে বৃদ্ধি পেয়েছে এবং হলুদ দেশী (লম্বা) পাইকারী দামে ৭% ও খুচরা দামে ৬% হারে বৃদ্ধি পেয়েছে

সারণী-ছঃ পণ্য ‘ধনিয়া’

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	এপ্রিল, ২০১৫		মার্চ, ২০১৫		শতকরা হারে হ্রাস/বৃদ্ধি	
	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি
ধনিয়া	১৩৭৯১	১৫৯	১৬৮৯৬	১৮০	-১৮%	-১২%

জাতীয় গড় বাজারদর অনুসারে সারণী ‘ছ’- বিশ্লেষণ করে দেখা যায় ধনিয়া মার্চ’২০১৫ মাসের তুলনায় এপ্রিল’২০১৫ মাসে পাইকারী দামে -১৮% হারে এবং খুচরা দামে -১২% হারে হ্রাস পেয়েছে।

বাজারের গতি প্রবাহ।

ক) কৃষি বিপণন অধিদপ্তরের সাপ্তাহিক বাজারদর বুলেটিনের মাধ্যমে বিগত ৬ মাসের সংকলিত জাতীয় গড় বাজারদরের ভিত্তিতে; পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), রসুন (দেশী ও আমদানীকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানীকৃত), হলুদ- দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী বাজারদরের গতি প্রবাহ নিম্নে সারণী এবং লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন করা হলো :

► **৬ মাসের পাইকারী মূল্য পরিবর্তনের চিত্র/ধারাক্রম** ।

(প্রতি কুইন্টাল/টাকায়)

পণ্যের নাম	নভেম্বর,১৪	ডিসেম্বর,১৪	জানুয়ারী’১৫	ফেব্রুয়ারী’১৫	মার্চ/১৫	এপ্রিল/১৫
পিঁয়াজ-দেশী	৩৩১৬	২৭৫২	২৬৫৭	৩৩৫৫	২৯৬১	২৬০৫
পিঁয়াজ-বিদেশী	৩০৫৮	২৯৭০	২৯৭৪	৩০৬৫	২৬৩৮	২৫২০
রসূন-দেশী	৭২১৮	৬৯৫৮	৭৩৬৯	৬৯৪১	৪১৩২	৪২৪৩
রসূন-বিদেশী	৭৩২৯	৭৩৫৬	৮০৩৭	৮০৯২	৭৪৬০	৭৪৬৭
শুকনা মরিচ	১৫৭১০	১৫৫৭৪	১৫৩৫৮	১৫৫৪৭	১৪৮৯০	১৪৩৯৮
কাঁচা মরিচ	৩৯৯৪	২৪৩২	২৫৯৭	২৬৯৬	২৩৪৫	২০৫৯
আদা-দেশী	১২৬০৭	১০৯৬৩	৮৭৮৫	৮১৯১	৮২৬৯	৮৬১৫
আদা-বিদেশী	১০৭১৪	৮৬৩৯	৭৯২৯	৭৮২৯	৮১৩৬	৮৬৪৫
হলুদ-(গোল)	১১৫১৭	১১৪৬২	১১৯৫৭	১২৬৪১	১২৯৮০	১৩৬৫৯
হলুদ-(লম্বা)	১১২৭৩	১১১৮১	১১৩৯৯	১২৫৩১	১২৫৬২	১৩৪৯৬
ধনিয়া	১৮৬৩৯	১৮০২৬	১৮৩৪৮	১৯৫৪৬	১৬৮৯৬	১৩৭৯১

নভেম্বর, ২০১৪ থেকে এপিল, ২০১৫ পর্যন্ত পিঁয়াজ ও রসুন (দেশী ও আমদানীকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানীকৃত), হলুদ দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী দামের গতি প্রবাহ।



উপরের লেখচিত্র থেকে দেখা যায় যে, পিঁয়াজ (দেশী ও বিদেশ) এবং রসুন–বিদেশী পাইকারী দর সার্বিকভাবে স্থিতিশীল।

আরো দেখা যায়, রসুন-দেশী নভেম্বর/১৪ থেকে জানুয়ারী/১৫ পর্যন্ত স্থিতিশীল থেকে ফেব্রুয়ারী থেকে এপ্রিল/১৫ মাসে পর্যন্ত নিম্নগামী। শুকনা-মরিচ নভেম্বর/১৪ হতে ফেব্রুয়ারী /১৫ পর্যন্ত স্থিতিশীল হয়ে মার্চ ও এপ্রিল/১৫ মাসে আবার নিম্নগামী । কাঁচা মরিচ নভেম্বর/১৪ মাসে নিম্নগামী হয়ে ডিসেম্বর/১৪ হতে ফেব্রুয়ারী /১৫ পর্যন্ত স্থিতিশীল থেকে মার্চ ও এপ্রিল/১৫ আবার নিম্নগামী। আদা (দেশী ও বিদেশী) নভেম্বর/১৪ থেকে ফেব্রুয়ারী/১৫ পর্যন্ত নিম্নগামী হয়ে মার্চ/১৫ মসে স্থিতিশীল হয়ে এপ্রিল/১৫ উর্দ্ধমুখী । হলুদ (গোল ও লম্বা) নভেম্বর/১৪ হতে জানুয়ারী/১৫ পর্যন্ত স্থিতিশিলী হয়ে ফেব্রুয়ারী /১৫ হতে এপ্রিল/১৫ পর্যন্ত উর্দ্ধমুখী।

৬ মাসের খুচরা মূল্য পরিবর্তনের চিত্র/ধারাক্রম ।

(প্রতি কেজি/টাকায়)

পণ্যের নাম	নভেম্বর/১৪	ডিসেম্বর/১৪	জানুয়ারী'১৫	ফেব্রুয়ারী'১৫	মার্চ/১৫	এপ্রিল/১৫
পিঁয়াজ-দেশী	৩৮	৩২	৩১	৩৮	৩৫	৩১
পিঁয়াজ-বিদেশী	৩৫	৩৫	৩৪	৩৪	৩১	২৯
রসুন-দেশী	৮৬	৮৩	৮৪	৮২	৫৩	৫৪
রসুন-বিদেশী	৮৪	৮৪	৯২	৯২	৮৫	৮৬
শুকনা মরিচ	১৭৭	১৭৬	১৭৬	১৭৭	১৬৮	১৬৫
কাঁচা মরিচ	৫৭	৩৭	৩৯	৩৯	৩৯	৩২
আদা-দেশী	১৩২	১৩০	১০৮	৯৫	১০১	১০৭
আদা-বিদেশী	১৩৩	১১২	১০৫	১০২	১০৪	১০৭
হলুদ-(গোল)	১৩২	১৩৩	১৪৮	১৪০	১৪৬	১৫৪
হলুদ-(লম্বা)	১৩০	১২৮	১২৯	১৪০	১৪২	১৫১
ধনিয়া	২০৭	২০২	২০৪	২১৪	১৮০	১৫৯

নভেম্বর, ২০১৪ থেকে এপিল, ২০১৫ পর্যন্ত পিঁয়াজ ও রসুন (দেশী ও আমদানীকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানীকৃত), হলুদ দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের খুচরা দামের গতি প্রবাহ



উপরের লেখচিত্র থেকে দেখা যায় যে, পিঁয়াজ (দেশী ও বিদেশী) এর ৬ (ছয়) মাসের খুচরা দর সার্বিকভাবে স্থিতিশীল।

আরো দেখা যায়, রসুন-দেশী নভেম্বর/১৪ হতে ফেব্রুয়ারী /১৫ পর্যন্ত স্থিতিশীল হয়ে মার্চ/১৫ মাসে নিম্নগামী হয়ে আবার এপ্রিল/১৫ মাসে স্থিতিশিল। শুকনা মরিচ নভেম্বর/১৪ হতে ফেব্রুয়ারী /১৫ পর্যন্ত স্থিতিশীল হয়ে মার্চ/১৫ ও এপ্রিল/১৫ আবার নিম্নগামী। কাঁচা-মরিচ নভেম্বর/১৪ নিম্নগামী হয়ে ডিসেম্বর/১৪ থেকে মার্চ/১৫ পর্যন্ত স্থিতিশীল হয়ে এপ্রিল/১৫ আবার নিম্নগামী। আদা-বিদেশী নভেম্বর/১৪ হতে জানুয়ারী/১৫ পর্যন্ত নিম্নগামী হয়ে ফেব্রুয়ারী ও মার্চ/১৫ স্থিতিশিল হয়ে এপ্রিল/১৫ উর্দ্ধমুখী। ধনিয়া নভেম্বর/১৪ হতে ডিসেম্বর/১৪ পর্যন্ত স্থিতিশীল হয়ে জানুয়ারী ও ফেব্রুয়ারী/১৫ মাসে উর্দ্ধমুখী হয়ে মার্চ/১৫ থেকে এপ্রিল/১৫ মাস পর্যন্ত নিম্নগামী।

ফসলের নামঃ তামাক, পাট ও তুলা।

পণ্যঃ তামাক

বিভিন্ন তামাক কোম্পানী, রংপুর তামাক ব্যবসায়ী সমিতি ও মাঠ পর্যায়ের পর্যবেক্ষণ হতে ধারণা করা যায় যে ২০১৩-২০১৪ অর্থ বছরে সামগ্রিক ভাবে আনুমানিক ১৩৮.২ হাজার একর জমিতে তামাকের আবাদ হয় এবং আনুমানিক ১০৩.৬৫ হাজার মেঃ টন তামাক উৎপাদিত হয়। তন্মধ্যে অত্র অধিদপ্তরের মাঠ পর্যায়ের পর্যবেক্ষন হতে প্রাপ্ত তথ্যমতে ২০১৩-১৪ অর্থবছরে সর্বমোট প্রায় ১,০৪,৭২৮.৫২ মেঃ টন তামাক ক্রয় বিক্রয়ের হিসাব পাওয়া যায় এবং কোথাও চাষী পর্যায়ে তামাক অবিক্রিত থাকার খবর পাওয়া যায়নি। FCV এবং Barley জাতের, যা সরাসরি তামাক সংশ্লিষ্ট কোম্পানীসমূহ চাষী পর্যায় হতে ক্রয় করে। কৃষি মূল্য উপদেষ্টা কমিটি কর্তৃক চাষী পর্যায় হতে ক্রয়ের জন্য প্রতি বছর তামাক ফসলের সর্বনিম্ন মূল্য নির্ধারণ করে দেয়া হয়। দেশী তামাকের কেনাবেচা (যা ACV প্রকৃতির) খোলা বাজার হতে সম্পাদিত হয় এবং এর মধ্যে মতিহার, জাতি ও DV তামাকের পরিমাণই বেশী। কিছু পরিমান বাংলাদেশের গুরুত্বপূর্ণ ১০টি জেলা হতে প্রাপ্ত মতিহার ও জাতি তামাক এর পাইকারী গড় বাজার দর এর ভিত্তিতে মাসিক ও বাৎসরিক মূল্য হ্রাস-বৃদ্ধির তুলনামূলক পর্যালোচনা নীচে প্রদত্ত হলো।

তামাক ফসলের পাইকারী মুল্য পরিস্থিতি

(কুইন্টাল/টাকা)

পণ্যের নাম	এপ্রিল/১৫	মার্চ/১৫	এপ্রিল/১৪	মাসিক হ্রাস/বৃদ্ধি	বাৎসরিক হ্রাস/বৃদ্ধি
মতিহার	১১৯০৬	১০৮৪১	১১৩৪৮	৮.৯৫%	৪.৬৯%
জাতি	৯১১০	৯২৮৮	৯৯২৫	-১.৯৫%	-৮.৯৫%

তামাকঃ মার্চ/১৫ মাসের জাতীয় গড় এর এপ্রিল/১৫ মাসের মতিহার তামাকের গড় দাম সামান্য বৃদ্ধি পেয়েছে যা ৮.৯৫% এবং জাতি তামাকের গড় দাম সামান্য হ্রাস পেয়েছে যা ১.৯৫%। গত বৎসরের একই মাসের জাতীয় গড় এর চেয়ে এ বৎসরের মতিহার তামাকের বাৎসরিক জাতীয় গড় দাম সামান্য বৃদ্ধি পেয়েছে যা ৪.৯৬% ও জাতি তামাকের বাৎসরিক জাতীয় গড় দাম সামান্য হ্রাস পেয়েছে যা ৮.৯৫%।

স্থানীয় জাতের তামাকের পাইকারী মূল্য চিত্র



তামাকের সরকার নির্ধারিত মূল্য-এর সাথে বাজার মূল্যের তুলনা

(কেজি প্রতি/টাকা)

পণ্যের নাম	এপ্রিল/১৫	সরকার নির্ধরিত মূল্য	মাসিক হ্রাস/বৃদ্ধি
মতিহার	১৩৫.২৫	৬১.৯৫	৫৪.২০%
জাতি	১১০.৫০	৬৬.৯৫	৩৯.৪১%

সরকার নির্ধারিত দরের চেয়ে এপ্রিল/১৫ মাসের মতিহার ও জাতি তামাকের খুচরা মূল্য অধিক হারে বৃদ্ধি পেয়েছে যা যথাক্রমে ৫৪.২০% এবং ৩৯.৪১%।

তামাকের সরকার নির্ধারিত মূল্য-এর সাথে বাজার মূল্যের তুলনা’র চিত্র



বাংলাদেশে তামাক চাষ ও উৎপাদন পরিসংখ্যান

বছর	তামাক আবাদ (লাখ হেক্টর)	উৎপাদন (লাখ মে:টন)
১৯৯৬-৯৭	৩.৪৮	৩৮
১৯৯৭-৯৮	৩.২৫	৩৭
১৯৯৮-৯৯	২.৮৬	২৯
১৯৯৯-০০	৩.২৩	৩৫
২০০০-০১	২.৮৪	৩৭
২০০১-০২	২.৯০	৩৮
২০০২-০৩	২.৮৫	৩৭
২০০৩-০৪	২.৮৬	৩৯
২০০৪-০৫	২.৮৪	৪০
২০০৫-০৬	২.৮৭	৪৩
২০০৬-০৭	২.৮৫	৩৯
২০০৭-০৮	২.৮৫	৪০
২০০৮-০৯	২.৮৬	৪০
২০০৯-১০	৩.৬৫	৫৪

* সূত্রঃ 2010 yearbook of Agricultural statistics of Bangladesh - BBS

পাটঃ প্রধান আঁশ ফসল পাট, কেনাফ ও মেস্তার মধ্যে পাট প্রধান অর্থকরী ফসল। পাটের দুইটি প্রজাতি-দেশী ও তোষা। দেশী পাটের ফল গোলাকার ও পাতার স্বাদ তিতা। তোষা পাটের ফল লম্বা এবং পাতার স্বাদ তিতা নয়। পাট উৎপাদনে অগ্রগামী জেলাগুলো হলো- রংপুর, ফরিদপুর, যশোর, ঢাকা, টাঙ্গাইল, কুষ্টিয়া, জামালপুর ও পাবনা। পাটের আঁশ থেকে পাটের সুতা, ব্যাগ, বস্তা, পর্দা, কার্পেট ও সংশ্লিষ্ট পণ্য তারপুলিন, প্যাকিং দ্রব্যাদি উৎপাদিত হয়। এছাড়াও পার্টিকেল বোর্ড, পাট-প্লাস্টিক ও অনুরূপ দ্রব্য তৈরিতে পাটের ব্যবহার হচ্ছে। কৃষকের জ্বালানির সিংহভাগই আসে পাটখড়ি থেকে। পাটের পাতা শাক হিসেবে ব্যবহার হয় এবং খুবই সুস্বাদু। দেশের শতকরা ৬০ ভাগ কৃষক পাট চাষ করে জীবিকা নির্বাহ করে। দেশে উৎপাদিত পাটের শতকরা ৭০ ভাগ দেশে ব্যবহার হয়, ৩০ ভাগ কাঁচা পাট ও পাটজাত দ্রব্য হিসেবে রপ্তানী হয়। দেশের ৫৫ ভাগ বৈদেশিক মুদ্রা আসে পাট রপ্তানী থেকে।

পাট এর বিভিন্ন ব্যবহার উপযোগিতা নিম্নে প্রদত্ত ডায়াগ্রাম থেকে দেখা যেতে পারে।



নোটঃ পাট-এর বিভিন্ন উপযোগীতার চিত্র হতে মূল্য সংযোজনের সম্ভাব্যতা সম্পর্কে ধারণা পাওয়া যায় বিধায় প্রদর্শন করা হয়।

বাংলাদেশে পাট চাষ ও উৎপাদন পরিসংখ্যান

বছর	পাট আবাদ (লাখ হেক্টর)			উৎপাদন (লাখ বেল)			হেক্টর প্রতি ফলন (বেল*)	
	দেশী	**তোষা**	**মোট**	**দেশী**	**তোষা**	**মোট**	**দেশী**	**তোষা**
২০০৬-০৭	০.৯৫	৩.৭৬	৪.৭২	৬.৯১	৪১.৯৬	৪৮.৮৭	৭.২৭	১১.১৬
২০০৭-০৮	০.৯৪	৪.২৪	৫.১৮	৫.৬৩	৪১.৮৩	৪৭.৪৬	৭.৮৫	১০.৪৬
২০০৮-০৯	০.৭৩	৪.০০	৪.০২	৫.২৯	৪২.০০	৪৭.২৯	৭.২৫	১০.৫০
২০০৯-২০১০**			৪.১৬			৫০.০৯		১২.২৩
২০১০-১০১১**			৭.০৯			৮৩.৯৬		১১.৮৫
২০১১-১০১২**			৭.৬			৮০.০৩	১০.৫৩	
২০১২-১০১৩**	৬.৮১			৭৬.১০			১১.১৭৫	
২০১৩-১০১৪**	৬.৬৬			৭৪.৩৬			১১.১৭	
২০১৪-১০১৫**	৬.৭৩			৭৫.০১			১১.১৫২	

*১ বেল = ১৮১.৪৩ কেজি = ৫ মণ (প্রায়) ।
** সূত্রঃ 2010 yearbook of Agricultural statistics of Bangladesh – BBS

আন্তর্জাতিক চিত্র

প্রধান প্রধান উৎপাদনকারী দেশসমূহে পাট চাষ এর অবস্থান নীচের ছক সমূহ থেকে দেখা যেতে পারে। উল্লেখ্য বাংলাদেশে পাটের আবাদ আবার জনপ্রিয় হয়ে উঠেছে, তবে উৎপাদন দক্ষতা বৃদ্ধির সুযোগ রয়েছে বলে দেখা যায় (চীনের হেক্টর প্রতি উৎপাদন ২.৬৭ টন সেখানে বাংলাদেশের হেক্টর প্রতি উৎপাদন ২.২২ টন)।

পাট, কেনাফ ও অন্যান্য আঁশ ফসলে ব্যবহৃত জমির পরিমান হেক্টর উৎপাদনের হার

জমির পরিমাণ *(০০০ হেক্টর)* (১ হেক্টর = ২.৪৭১ একর)						
বছর	**বাংলাদেশ**	**চীন**	**ইন্ডিয়া**	**মায়ানমার**	**নেপাল**	**থাইল্যান্ড**
২০১২-২০১৩*	৭৬০.৪৩	১৪	৮০০	২.৭৫	১০.৫৪	১.৪২
২০১১-২০১২*	৭৬০.০১	১৩.৫	৮০০	২.৬৫	১০.৫৮	১.৪২
২০১০-২০১১*	৭০৮.৬১	১৩.০৩	৭৯০	৫.০০	১৩.০১	১.০৪
২০০৯-২০১০*	৪১৬.৪৩	৩০	৭৭৩.৭	৮.৯	১১.৬	১.৫
২০০৮-২০০৯	৪০৮.১	৩০	৭৮৫.৬	১৪.৩	১১.৬	১.৫
২০০৭-২০০৮	৫০০	৩৩	৯৫২	৪৭.২	১১.৭	১.২
২০০৬-২০০৭	৫০০	৩১	৯৩১	৫১.৪	১২	২.৩
২০০৫-২০০৬	৪৬৬	৩১.১	৯৩১	৪১	১২.২	৩.১
২০০৪-২০০৫	৪১৮	৩২	৯১৬	৩৫.৪	১১.৮	১৬.৬

২০০৩-২০০৪	৪৯৯.৮	৪১	১০০০	৪৪.১	১১.৯	২০.৪
২০০২-২০০৩	৪৩৬.২	৫৬	১০২৫	৫৮.৭	১১.৭	২৭.২
২০০১-২০০২	৫১৯.৬	৫২	৯৮৬	৫৩.৫	১১.৩	১৯.২
২০০০-২০০১	৪৪৮	৫০	৮৭৩	৩১	১৪.৫	১৯.২
১৯৯৯-২০০০	৪১৪.৮	৬৫.৮	৭৫১	৩৩	১১.৭	১৯.৯
১৯৯৮-১৯৯৯	৪৭৭.৫	৯২.৭	৮৪১	৩৭.৩	১২.৩	৩০.৭
১৯৯৭-১৯৯৮	৬৪৭.৫	১৬২.১	১১১৫	৩৪.১	১১	৬৬.৬
১৯৯৬-১৯৯৭	৫৪৭.৬	১৪৭	১০১৪	৪৩.২	১১.২	৭৬.৫
১৯৯৫-১৯৯৬	৫১৯.২	১৪৬	৮৪৬	৪৭.৩	১০.২	৭৯.৩

সূত্রঃ * খাদ্য ও কৃষি সংস্থা (জাতিসংঘ), বিবিএস, Summary Crop Statistics

পাট, কেনাফ ও অন্যান্য আঁশ ফসলের হেক্টর প্রতি উৎপাদনের হার

টন/হেক্টর (১ হেক্টর = ২.৪৭১ একর)						
বছর	**বাংলাদেশ**	**চীন**	**ইন্ডিয়া**	**মায়ানমার**	**নেপাল**	**থাইল্যান্ড**
২০১২-২০১৩*	১.৯১	৩.২২	২.৩৯	০.৯৭	১.৩৭	১.৫৫
২০১১-২০১২*	১.৭২	৩.২৩	২.৪৫	৯.৫	১.৩৭	১.৫৫
২০১০-২০১১*	১.৯৩	৩.০৭	২.২০	০.৬১	১.৬১	১.৯৫
২০০৯-২০১০*	২.০০	২.৬৭	২.০৯	০.৯	১.৪৭	১.২
২০০৮-২০০৯	২.২৮	২.৬৭	১.৮৮	০.৯	১.৪৭	১.৯৩
২০০৭-২০০৮	১.৯৮	২.৬৩	১.৮৭	০.৪	১.৪৩	১.৭৯
২০০৬-২০০৭	১.৯৮	২.৮	১.৯৩	০.৮৫	১.৪৩	১.৫৫
২০০৫-২০০৬	২.০৭	২.৬৬	১.৬৪	০.৯	১.৪৫	১.৫১
২০০৪-২০০৫	১.৯৪	২.৭২	১.৪৭	০.৯৫	১.৪৩	২.১৬
২০০৩-২০০৪	১.৯৩	২.৪৩	১.৬২	০.৯৫	১.৪৩	২.০৩
২০০২-২০০৩	১.৮২	২.৭৭	২.০১	০.৭১	১.৪৫	১.৫১
২০০১-২০০২	১.৭৮	২.৬২	১.৯২	০.৯৫	১.৪৫	১.৫৪
২০০০-২০০১	১.৮২	২.৫২	১.৮৬	০.৯	১.০৫	১.৫৪
১৯৯৯-২০০০	১.৭৬	২.৪৯	১.৮৭	০.৮	১.৩৪	১.৫
১৯৯৮-১৯৯৯	১.৭৮	২.৬৮	১.৭৭	০.৯	১.২৬	১.৫৪
১৯৯৭-১৯৯৮	১.৯২	২.৬৫	১.৭৬	০.৯৭	১.৪১	১.৬
১৯৯৬-১৯৯৭	১.৯৪	২.৪৮	১.৮১	০.৯১	১.২৬	১.৪৩
১৯৯৫-১৯৯৬	১.২৬	২.৫৪	১.৭২	০.৯১	১.৪৭	১.৪৫

সূত্রঃ *খাদ্য ও কৃষি সংস্থা (জাতিসংঘ), বিবিএস, Summary Crop Statistics

পাট, কেনাফ ও অন্যান্য আঁশ ফসলের মোট উৎপাদনের হার

উৎপাদন (000 টন) (১ টন = ১০০০ কেজি)						
বছর	**বাংলাদেশ**	**চীন**	**ইন্ডিয়া**	**মায়ানমার**	**নেপাল**	**থাইল্যান্ড**
২০১২-২০১৩*	১৪৫২.০৪	৪৫	১৯১২	২.৬	১৪.৪২	২.২
২০১১-২০১২*	১৫২৩.৩২	৪৩.৫	১৯৬০.৩৮	২.৫	১৪.৪২	২.১
২০১০-২০১১*	১৫২৩.২৮	৪০	১৭৪৩	৩.০৮	২০.৯৭	২.০৩
২০০৯-২০১০*	৯২৩.৪৭	৮০	১৬২০	৮	১৭	১.৮
২০০৮-২০০৯	৯১৩	৮০	১৪৭৬	১২.৯	১৭	২.৯
২০০৭-২০০৮	৯৯০	৮৬	১৭৮২	১৯.১	১৬.৮	২.২
২০০৬-২০০৭	৯৯০	৮৬.৮	১৮০০	৪৩.৬	১৭.১	৩.৬
২০০৫-২০০৬	৯৬৫	৮২.৮	১৫৩০	৩৬.৯	১৭.৭	৪.৬
২০০৪-২০০৫	৮১০	৮৬.৯	১৩৫০	৩৩.৬	১৬.৯	৩৫.৭
২০০৩-২০০৪	৯৬৩	৯৯.৮	১৬২০	৪২	১৭	৪১.৩
২০০২-২০০৩	৭৯৩.৪	১৩০	১৯৮০	৪১.৯	১৭	৪৬.৪
২০০১-২০০২	৯২৪.৭	১৩৬	১৮৯০	৫০.৮	১৬.৪	২৯.৫
২০০০-২০০১	৮১৪.৭	১২৫.৯	১৬২০	২৭.৮	১৫.২	২৯.৭
১৯৯৯-২০০০	৭৩১.৫	১৬৪	১৪০৪	২৬.৫	১৫.৭	২৯.৭
১৯৯৮-১৯৯৯	৮৫১.৯	২৪৮	১৪৯১.৭	৩৩.৫	১৫.৫	৪৭.২
১৯৯৭-১৯৯৮	১২৪২.৭	৪২৯.৫	১৯৬৪	৩৩.১	১৫.৫	১০৬.৪
১৯৯৬-১৯৯৭	১০৬২.২	৩৬৪.৯	১৮৩৬	৩৯.৫	১৪	১০৯.৩
১৯৯৫-১৯৯৬	৬৫২.৭	৩৭১.২	১৪৫৮	৪৩	১৪.৯	১১৪.৯

সূত্রঃ *খাদ্য ও কৃষি সংস্থা (জাতিসংঘ), বিবিএস, Summary Crop Statistics

পাটের বাজারজাতকরণ শ্রেণী- পাট আঁশ বিক্রয়ের জন্য আঁশের মান উত্তম থেকে খারাপের মান অনুসারে শ্রেণীবিন্যাস করা হয়েছে তা হলো- এ বটম, বি-বটম, সি-বটম, এস বটম ও কাটিং বা গড়ছাট।

বাংলাদেশে তুলা চাষ ও উৎপাদন পরিসংখ্যানঃ

গত ২০১০-২০১১ চাষ মৌসুমে দেশে ৩৩৫০০ হেক্টর জমিতে তুলা চাষ হয়েছে, যা থেকে ৮০,০০০ বেল আঁশতুলা উৎপাদিত হয়। আগামী ২০১৫-২০১৬ সাল নাগাদ ১ লক্ষ হেক্টর জমিতে তুলা চষ সম্প্রসারণ এবং ৬.৭০ লক্ষ বেল আঁশ তুলা উৎপাদনের পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে নিম্নরূপ-

কার্যক্রম	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬
তুলা উৎপাদন					
তুলা চাষ (হেঃ)	৪৫০০০	৬০০০০	৭৫০০০	৮৫০০০	১০০০০০
উৎপাদন (বেল)	১,২০,০০০	২,৫০,০০০	৩,৯০,০০০	৫,৩০,০০০	৬,৭০,০০০

বছর	তুলা (লাখ হেক্টর)			উৎপাদন (লাখ বেল)			হেক্টর প্রতি ফলন (বেল*)		
	কুমিল্লা (Summer)	**আমেরিকান** (Winter)	**শিমুল**	**কুমিল্লা** (Summer)	**আমেরিকান** (Winter)	**শিমুল**	**কুমিল্লা** (Summer)	**আমেরিকান** (Winter)	**শিমুল**
২০১১-১০১২*	১৩৮৭২	১১৩৩৩	৫৮	০.১৮৩৫	১.১৬	০.০২৬	২৫৪৫	১৩১৮২	১১৩৮৪
২০১০-১০১১*	১২৯৬৯	১১১৭৮	১৪৭	০.২০২৬	১.০৫৮	০.০২৯	২৬২৭	১১৮২৬	১১৪৮১

তুলা উন্নয়ন বোর্ডের তথ্যানুযায়ী তুলা উন্নয়ন বোর্ডের অধীনস্থ ৯টি জিনিং কেন্দ্রের গুদামে ২০১৩-১৪ অর্থবছরে আনুমানিক ৬৭,৭৭৩.৬২০ কেজি অর্থাৎ ১,৪৯,৪১৫.২৮০ পাউন্ড সূতা তৈরীর উপযোগী আমেরিকান জাতের আঁশতুলা মজুদ আছে।

১৪/১০/২০১৪ তারিখের তুলা উন্নয়ন বোর্ডের সভার সিদ্ধান্ত অনুযায়ী পাহাড়ী জাতের আঁশতুলা প্রতি কেজি ভ্যাট সহ ৮০.০০ টাকা বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। ২০১৪-১৫ মৌসুমের আমেরিকান সিবি-১২ম সিবি-১৩ ও সিবি-১৪ জাতের প্রত্যায়িতমানের বীজতুলার ক্রয় মূল্য প্রতি কেজি ৫০.০০ টাকা এবং সাধারণ মানের বীজতুলার ক্রয় মূল্য প্রতি কেজি ৪৮.০০ টাকা নির্ধারণ করা হয়েছে।

*১ বেল = ১৮১.৪৩ কেজি = ৫ মণ (প্রায়) ।
** সূত্রঃ 2010 yearbook of Agricultural statistics of Bangladesh - BBS
* বিবিএস, Summary Crop Statistics

<u>পাট ও তুলা ফসলের পাইকারী মূল্য পরিস্থিতি</u>

(কুইন্টাল/টাকা)

পণ্যের নাম	এপ্রিল/১৫	মার্চ/১৫	এপ্রিল/১৪	মাসিক হ্রাস/বৃদ্ধি	বাৎসরিক হ্রাস/বৃদ্ধি
পাট (সাদা/তোষা)	৪৩২৬	৪২৫৩	৩২৫০	১.৬৯%	২৪.৮৭%
তুলা (শিমুল)	৩৪৯৬১	৩৪০০০	৩০৫২৭	২.৭৫%	১২.৬৮%
তুলা (কার্পাস)	১৫০৯৩	১৫৯৩৮	১৩৯৯৪	-৫.৬০%	৭.২৮%

পাট ও তুলা ফসলের পাইকারী মূল্য চিত্র



পাটঃ মার্চ/১৫ মাসের চেয়ে এপ্রিল/১৫ মাসের পাট (সাদা/তোষা) এর জাতীয় গড় মূল্য সামান্য বৃদ্ধি পেয়েছে যা ১.৬৯%। গত বৎসরের একই মাসের পাইকারী মূল্যের জাতীয় গড় এর চেয়ে এ বৎসরের পাট (সাদা/তোষা) এর জাতীয় পাইকারী বাজার দর বেশ কিছুটা বৃদ্ধি পেয়েছে যা ২৪.৮৭%।

তুলাঃ মার্চ/১৫ মাসের চেয়ে এপ্রিল/১৫ মাসে শিমুল তুলার পাইকারী মূল্য সামান্য বৃদ্ধি পেয়েছে যা ২.৭৫% এবং কার্পাস তুলার পাইকারী মূল্য সামান্য হ্রাস পেয়েছে যা ৫.৬০%। গত বৎসরের তুলনায় এ বৎসরেরর শিমুল তুলার মূল্য এবং কার্পাস তুলার মূল্য বেশ কিছুটা বৃদ্ধি পেয়েছে যা যথাক্রমে ১২.৬৮% ও ৭.২৮%।

তুলা ফসলের খুচরা মূল্য পরিস্থিতি

(কেজি প্রতি/টাকা)

পণ্যের নাম	এপ্রিল/১৫	মার্চ/১৫	এপ্রিল/১৪	মাসিক হ্রাস/বৃদ্ধি	বাৎসরিক হ্রাস/বৃদ্ধি
তুলা (শিমুল)	৩৮৩.৯৬	৩৭৩.৪০	৩৪৫.২৬	২.৭৫%	১০.০৮%
তুলা (কার্পাস)	১৭০.৮৫	১৮৮.০৮	১৭৬.০৪	-১০.০৮%	-৩.০৪%

তুলা ফসলের খুচরা মূল্য চিত্র



পাটঃ

জেলা পর্যায়ের বিভিন্ন বাজারে পাট-এর খুচরা পর্যায়ে বিক্রয় না হওয়ার কারণে তুলনামূলক বাজার দর-এ খুচরা মূল্য দেয়া হলো না।

তুলাঃ

মার্চ/১৫ মাসের চেয়ে এপ্রিল/১৫ মাসে শিমুল তুলার খুচরা মূল্য সামান্য বৃদ্ধি পেয়েছে যা ২.৭৫% ও কার্পাস তুলার খুচরা মূল্য বেশ হ্রাস পেয়েছে যা ১০.০৮%। গত বৎসরের তুলনায় এ বৎসরেরর শিমুল তুলার খুচরা মূল্য বেশ বৃদ্ধি পেয়েছে যা ১০.০৮% ও কার্পাস তুলার খুচরা মূল্য সামান্য হ্রাস পেয়েছে যা ৩.০৪%।

পণ্যের নামঃ মাছ, মাংস ও ডিম

❖ মার্চ/১৫, এপ্রিল/১৫ ও এপ্রিল/১৪ মাসের কতিপয় প্রানি সম্পদ ও মৎস সম্পদের মাসিক জাতীয় পাইকারী গড় বাজার দর এবং মাসিক ও বাৎসরিক হ্রাস বৃদ্বির হারঃ

টাকা/কুইন্টাল

পণ্যের নাম	গত মাস মার্চ /১৫	চলতি মাস এপ্রিল /১৫	মাসিক দরের হ্রাস/বৃদ্বি (%)	গত বছর এপ্রিল/১৪	বাৎসরিক দরের হ্রাস/বৃদ্বি (%)
মোরগ-মুরগী-দেশি (বড়)	২৭০১২	২৭৪৭২	১.৭০%	২৬৭৯৪	২.৫৩%
মোরগ-মুরগী-দেশি মাঝারী)	২৭৫১০	২৭৯৩৯	১.৫৬%	২৭১৩৩	২.৯৭%
মোরগ-মুরগী-(ফার্ম)	১১৯৮৪	১৩২২২	১০.৩৩%	১২৫২৮	৫.৫৪%
গরুর মাংস	২৮৮১১	৩০৩১০	৫.২০%	২৫৮৫১	১৭.২৫%
খাসীর মাংস	৪৬০২৭	৪৬১৮১	০.৩৩%	৪২১৬১	৯.৫৩%
ডিম-মুরগী-দেশী (১০০)টি	৯৪০	৯৩১	-০.৯৬%	৮৯৪	৪.১৪%
ডিম-মুরগী-ফার্ম (১০০)টি	৬৮৯	৬৯১	০.২৯%	৬৭৭	২.০৭%
মাছ রুই (মাঝারী)	২৬৬৭৭	২৭১৩৭	১.৭২%	২৬৭৭০	১.৩৭%
মাছ রুই (ছোট)	২১৭৭১	২২০৪৫	১.২৬%	২২৩৪৩	-১.৩৩%
মাছ কাতল (মাঝারী)	২৫৫৬০	২৫৭৩৯	০.৭০%	২৫৫৯৯	০.৫৫%
মাছ কাতল (ছোট)	২০৫৭৮	২০৫৭৯	০.০০%	২০৪৫৩	০.৬২%
মাছ পাঙ্গাস (ছোট)	৯৪৪৩	৯৫০৪	০.৬৫%	৯৪০৮	১.০২%
মাছ ইলিশ	৫৪৪৪১	৫৭৭২০	৬.০২%	৪৭৮০৮	২০.৭৩%
মাছ সিলভার কার্প	১১৩৫৬	১১৩০৪	-০.৪৬%	১১৬১৩	-২.৬৬%

মার্চ/১৫এর তুলনায় এপ্রিল/১৫ এর পণ্য মূল্যের মাসিক হ্রাস বৃদ্বির হারঃ

হ্রাসকৃত পণ্যের নাম	হ্রসের হার (%)	বৃদ্বিপ্রাপ্ত পণ্যের নাম	বৃদ্বির হার (%)
ডিম-মুরগী-দেশী (১০০)টি	**১.২৯%**	মোরগ-মুরগী-দেশি (বড়)	২.৪৪%
মাছ পাঙ্গাস (ছোট)	০.০১%	মোরগ-মুরগী-(মাঝারী)	৩.০৭%
		মোরগ-মুরগী-(ফার্ম)	৫.৮০%
		গরুর মাংস	৬.৮৫%
		খাসীর মাংস	২.৬৮%
		ডিম-মুরগী-ফার্ম (১০০)টি	৫.৩৫%
		মাছ রুই (মাঝারী)	১.৮৭%
		মাছ রুই (ছোট)	৯.৫২%
		মাছ কাতল (মাঝারী)	১.৭৪%
		মাছ কাতল (ছোট)	০.৮৭%
		মাছ সিলভার কার্প	২.৭৩%
		মাছ ইলিশ	১৩.৫৭%

মার্চ/১৫ এর সাথে এপ্রিল/১৫ এর বাজার মূল্যের মসিক পার্থক্য নিম্নে গ্রাফের সাহায্যে দেখনো হলো



১. <u>মাসিক হ্রাস বৃদ্বির তুলনামূলক পর্যালোচনাঃ</u>

মার্চ/১৫ এর সাথে এপ্রিল/১৫ এর মাসিক তুলনামূলক পর্যালোচনা দেখা যায় যে, মোরগ-মুরগী-দেশী (বড়),মোরগ-মুরগী-মাঝারি, মোরগ-মুরগী-র্ফাম ,গরুর মাংস,খাসীর মাংস, ডিম-মুরগী-র্ফাম (১০০)টি, মাছ-রুই-মাঝারী, মাছ-রুই-ছোট কাতল-মাঝারি, মাছ-কাতল-ছোট,মাছ- সিলভার র্কাপ, ইলিশ মাছ এর মূল্য যথাক্রমে,২.৪৪%, ৩.০৭%, ৫.৮০%, ৬.৮৫%,৬.৮৫%, ২.৬৮% ,৫.৩৫%, ১.৮৭%, ৯.৫২%, ১.৭৪%, ০.৮৭%, ২.৭৩%,১৩.৫৭% বৃদ্বি পেয়েছে । অন্যদিকে ডিম-মুরগী-দেশী (১০০)টি , পাঙ্গাস-ছোট মাছ-মূল্য যথাক্রমে,২.২৯%,০.০১% হ্রাস পেয়েছে।উল্লেখ্য যে,দেশের চলমান পরিস্থিতি ও পরিবহন এবং খাদ্য দ্রব্যের দাম স্থিতি থাকার কারনে এবংকিছু কিছু জেলায় সোনালী মুরগী পালনে সমস্যা/খামার বন্ধ হয়ে যায়। মোরগ মুরগীর চাহিদা বৃদ্বি পেয়েছে কিন্তু সরবরাহ কিছু কমে যায় ফলে দাম বৃদ্বি পেতে থাকে।

মার্চ/১৪ এর তুলনায় মার্চ/১৫ এর পণ্য মূল্যের বাৎসরিক হ্রাস বৃদ্বির হারঃ

টাকা/কুইন্টাল

হ্রাসকৃত পণ্যের নাম	**হ্রসের হার (%)**	**বৃদ্বিপ্রাপ্ত পণ্যের নাম**	**বৃদ্বির হার (%)**
ডিম-মুরগী-ফার্ম (১০০)টি	**৫.৮২%**	মোরগ-মুরগী-দেশি (বড়)	৬.২৮%
মাছ কাতল (ছোট)	১.০৭%	মোরগ-মুরগী-(মাঝারী)	৫.৬৩%
মাছ পাঙ্গাস (ছোট)	৬.৩১%	মোরগ-মুরগী-(ফার্ম)	৪.৮৫%
মাছ সিলভার কার্প	৪.৭৬%	গরুর মাংস	৩০.২৬%
		খাসীর মাংস	১৬.৫০%
		ডিম-মুরগী-দেশী (১০০)টি	৪.৫৫%
		মাছ রুই (মাঝারী)	০.১৮%
		মাছ রুই (ছোট)	৫.০৪%
		মাছ কাতল (মাঝারী)	২.২৪%
		মাছ ইলিশ	২৩.২৩%

মার্চ/১৫ এর সাথে এপ্রিল/১৫ এর বাজার মূল্যের বাৎসরিক পার্থক্য নিম্নে গ্রাফের সাহায্যে দেখনো হলো



২. বাৎসরিক হ্রাস বৃদ্বির তুলনামূলক পর্যালোচনাঃ

এপ্রিল/১৫ এর সাথে এপ্রিল/১৪ এর বাৎসরিক তুলনামূলক পর্যালোচনা দেখা যায় যে, মোরগ-মুরগী-দেশী (বড়), মোরগ-মুরগী-মাঝারি, মোরগ-মুরগী-র্ফাম,গরুর মাংস,খাসীর মাংস, ডিম-মুরগী-দেশী(১০০)টি, ,রুই-মাঝারী, মাছ-রুই-ছোট কাতল-মাঝারি,মাছ,ইলিশ,এর মূল্য যথাক্রমে,৬.২৮%, ৫.৬৩% ,৪.৮৫% ,৩০.২৬%, ১৬.৫০%, ৪.৫৫%, ০.১৮% ,৫.০৪%,২.২৪%,২৩.২৩%,বৃদ্বি পেয়েছে। অন্যদিকে, ডিম-মুরগী-র্ফাম (১০০)টি,মাছ-কাতল-ছোট,পাঙ্গাস-ছোট,মাছ-সিলভারর্কাপ,-এর মূল্য যথাক্রমে,৫.৮২%,১.০৭%,৬.৩১%,৪.৭৬% ,হ্রাস পেয়েছে।

৩. হ্রাস/বৃদ্বির কারণঃ

এপ্রিল/১৪ এর সাথে এপ্রিল /১৫ মাসে অধিকাংশ পণ্যের মূল্যের বৃদ্বির কারণ হিসাবে চাহিদার তুলনায় সরবরাহ কম ও পরিবহনের ভাড়া বৃদ্বি থাকায় পোল্টি্র ফিড এর দাম বৃদ্বি এবং বিভিন্ন অনুষ্ঠান থাকার কারনে মোরগ ও মুরগীর চাহিদা বৃদ্বি কিন্তু সরবরাহ কিছু কম থাকায় মুরগী,গরুর মাংস ও মাছের দাম বৃদ্বি পেয়েছে।

এপ্রিল/১৫ মাসের সর্বোচ্চ ও সর্বনিম্ন বাজার দর নিম্নরুপঃ

পণ্যের নাম	জেলার নাম	সর্বোচ্চ দর	জেলার নাম	সর্বনিম্ন দর
মোরগ-মুরগী-(ফার্ম)	সুনামগঞ্জ	১৬৫০০	যশোর	১২২৫০
গরুর মাংস	নোয়াখালী	৪০০০০	সাতক্ষীরা	২৮৭৫০
খাসীর মাংস	নোয়াখালী	৬০০০০	গাইবান্ধা	৩৯২৫০
ডিম-মুরগী-ফার্ম ১০০)টি	লক্ষীপুর	৭৫০	মাদারীপুর	৬২৫
মাছ রুই (মাঝারী)দেশী	নারায়নগঞ্জ	৩৬০০০	সাভার (ফার্ম)	২০০০০
মাছ ইলিশ (৬০০-৭০০গ্রাম)	নোয়াখালী	১৫০০০০	চট্রগ্রাম (৪০০-৫০০গ্রাম)	৩৬০০০

উৎপাদন এলাকা ও নন উৎপাদন এলাকায় দামের তারতম্য কিছুটা বেশী কম হয়ে থাকে ইহা ছাড়া পরিবহন সেক্টরে ও ভাড়া বৃদ্বির কারনে দামের তারতম্য বেশী হয়ে থাকে এবং সাতক্ষীরায় গরুর মাংস সীমান্ত এলাকা থাকার কারনে মূল্য কম,মাছ রুই দেশী ও চাষাবাদ এর মধ্যে দামের পার্থক্য হয়ে থাকে।

পণ্যের নামঃ মৌসুমী ফল ও সবজী

১। পণ্যঃ ফল

আমাদের নিত্য প্রয়োজনীয় পণ্যের তালিকায় ফল একটি গুরুত্বপূর্ণ পণ্য। দেশজ উৎপাদন ও আমদানীর মাধ্যমে এর চাহিদা পূরণ করা হয়ে থাকে । তাই বাজার মূল্য পরিবর্তন বেশ লক্ষ্যনীয় । নিয়মিত কার্যক্রমের আওতায় কৃষি বিপণন অধিদপ্তরের জেলা অফিস সমূহ হতে প্রাপ্ত সাপ্তাহিক বাজার দর বুলেটিন সদর দপ্তরে সংকলন করা হয়েছে। সংকলিত বাজার দর তথ্য ও পূর্ববর্তী সংকলিত তথ্য পর্যালোচনা করে মার্চ/১৫, এপ্রিল/১৫ মাসে বিভিন্ন প্রকার ফলের পাইকারী মাসিক গড় বাজার দর এবং মাসিক হ্রাস/বৃদ্ধির হার নিম্নের সারনীতে প্রদর্শন করা হলোঃ

সারনী–১ ঃ **বিভিন্ন প্রকার ফলের বাজারদর পরিস্থিতিঃ**

(টাকা প্রতি কুইঃ ও ৮০টি)

ক্রঃ নং	দ্রব্যের নাম	রিপোটিং মাসের (এপ্রিল/১৫) গড় বাজার দর	গত মাসের (মার্চ /১৫) গড় বাজার দর	মাসিক বাজার দরের হ্রাস/বৃদ্ধি(%)
০১	ডাব	২২৩৬	২১২৫	৫.২২%
০২	এলাচী–লেবু	৪৪১	৪১৬	৬.০১%
০৩	কাগজী–লেবু	৩৩৪	৩৬৮	-৯.২৪%
০৪	তরমুজ	৭৭৫৪	১১৯৭৩	-৩৫.২৪%
০৫	বাংগী	৩২৫৪	৩২৬৩	-০.২৮%
০৬	আপেল	১২০৮৩	১১৩৭০	৬.২৭%
০৭	পাকা পেপে	৩৮৭০	৩৫৬৮	৮.৪৬%
০৮	কমলা	১৩১০	১২৬০	৩.৯৭%
০৯	কলা–চাঁপা	১৮৭	১৮৬	০.৫৪%
১০	,, সবরী	২২৮	২৮৮	-২০.৮৩%
১১	,, সাগর	২৩৯	২৮৮	-১৭.০১%
১২	শুকনা নারিকেল	২৭০৭	২৬৯৪	০.৪৮%
১৩	খেজুর	৯৩৫৫	৯৮৫০	-৫.০৩%

১.ক. <u>গত মাসের সাথে তুলনামূলক পর্যালোচনা ঃ</u>

উপর্যুক্ত বাজার দর সারনীর তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে, মার্চ /১৫ মাসের তুলনায় এপ্রিল/১৫ মাসে ডাব ৫.২২%, এলাচি লেবু ৬.০১%, আপেল ৬.২৭%, কমলা ৩.৯৭%, চাঁপা কলা ০.৫৪% ও শুকনা–নারিকেলের দাম ০.৪৮% হারে বৃদ্ধি পেয়েছে। অন্য দিকে কাগজী লেবু ৯.২৪%, তরমুজ ৩৫.২৪%, বাংগী ০.২৮%,কলা–সবরী ,কলা–সাগর ১৭.০১% ও খেজুরের দাম ৫.০৩% হারে হ্রাস পেয়েছে।

<u>খ. বাজারদর হ্রাস–বৃদ্ধির কারণ :</u>

ফলের বাজারদ দর তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে, গত মাসের তুলনায় বর্তমান মাসে বেশীর ভাগ ফলের দাম বৃদ্ধি পেয়েছে । তবে কাগজী লেবু, তরমুজ, বাংগী, কলা–সবরী,কলা–সাগর ও খেজুরের দাম সামান্য হ্রাস পেয়েছে।

➪ মার্চ/ ১৫ এপ্রিল/১৫ মাসে ফলের গড় বাজার দরের পরিবর্তন চিত্র এক নজরে দেখা যায়। গ্রাফে বাজার দর পরিবর্তনের চিত্র নিম্নরুপঃ

(টাকা প্রতি কুইঃ ও ৮০টি)



সার্বিক পর্যালোচনাঃ কৃষি বিপণন অধিদপ্তরের সাপ্তাহিক বাজদর দর বুলেটিনের মাধ্যমে সংকলিত বিভিন্ন প্রকার ফলের বাজার দর পর্যালেনাচনা করে দেখা যায় সরবরাহ কম থাকায় মার্চ/১৫ মাসের তুলনায় এপ্রিল/১৫ মাসে ফলের দাম বেশ বৃদ্ধি পেয়েছে ।

ফসলের নামঃ আলু হল্যান্ড (সাদা ও লাল), বেগুন, শসা ও কাঁচা পেঁপে।

কৃষি বিপণন অধিদপ্তর কতৃক বিভিন্ন জেলা থেকে সংগৃহীত সাপ্তাহিক বাজার দরের ভিত্তিতে সংকলিত জাতীয় গড় বাজার দর তথ্যানুযায়ী মার্চ/১৫ মাসের তুলনায় এপ্রিল/১৫ মাসের এবং গত বছর মার্চ/১৪ মাসের তুলনায় চলতি বছরের এপ্রিল/১৫ মাসে আলু হল্যান্ড (সাদা-লাল), বেগুন, শসা ও কাঁচাপেঁপের মাসিক ও বাৎসরিক মূল্য হ্রাস বৃদ্ধির তুলনামূলক পর্যালোচনা প্রতিবেদন নিম্নরূপ।

২। বাজার দর পরিস্থিতিঃ

এপ্রিল/১৫ মাসের সাপ্তাহিক বাজার দর বুলেটিন হতে সংকলিত বাজার দর তথ্যের মাধ্যমে আলু হল্যান্ড (সাদা-লাল), বেগুন, শসা এবং কাঁচাপেঁপের যে সমস্ত জাতীয় পাইকারী ও খুচরা গড় বাজার দর পাওয়া গেছে তার ভিত্তিতে একটি তুলনামূলক পর্যবেক্ষণ প্রতিবেদন ‘ক’ থেকে ‘ছ’ পর্যন্ত সারণীতে সংক্ষেপে দেখানো হলোঃ

সারণী-ক

পণ্যঃ আলু হল্যান্ড(সাদা-লাল)

টাকায় /কুইন্টাল/কেজি

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	রিপোটিং মাসের দর		গত মাসের দর		গত বছরের দর		মাসিক হ্রাস/বৃদ্ধি (%)		বাৎসরিক হ্রাস/বৃদ্ধি (%)	
	এপ্রিল /১৫		মার্চ / ১৫		এপ্রিল /১৪					
	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর
আলু-(হঃ সাদা)	১১৫০	১৪.১৮	৯৩৬	১৫.৭১	৭৮৪	১০.৩৭	২২.৮৬%	৯.৭৪%	৪৬.৬৮%	৩৬.৭৪%
আলু-(হঃ লাল)	১২৮৮	১৫.০৬	১১১৩	১৩.৪০	৯২০	১১.৫৩	১৫.৭২%	১২.৩৯%	৪০.০০%	৩০.৬২%

পর্যালোচনা

মাসিক পর্যালোচনাঃ এপ্রিল/১৫ ও মার্চ/১৫ মাসের মাসিক বাজার দর পর্যালোচনা দেখা যায় মার্চ/১৫ মাসের তুলনায় এপ্রিল/১৫ মাসে আলু (হঃ সাদা) এর দাম কুইন্টাল প্রতি ২২.৮৬% বৃদ্ধি ও কেজি প্রতি খুচরা দাম ৯.৭৪% বৃদ্ধি এবং আলু (হঃ লাল) এর দাম কুইন্টাল প্রতি ১৫.৭২% ও কেজি প্রতি খুচরা দাম ১২.৩৯% বৃদ্ধি পেয়েছে।

বার্ষিক পর্যালোচনাঃ এপ্রিল/১৫ ও এপ্রিল/১৪ মাসের তুলনামূলক বাজার দর উপাত্ত অনুযায়ী উপরোক্ত সারণী ‘‘ক’’ বিশ্লেষণ করে দেখা যায়, গত বৎসরের একই মাসের তুলনায় বর্তমান বৎসরের একই মাসে আলু (হঃ সাদা) পাইকারী দাম প্রতি কুইন্টালে ৪৬.৬৮% ও প্রতি কেজিতে ৩৬.৭৪% বৃদ্ধি পেয়েছে এবং আলু (হঃ লাল) পাইকারী দাম প্রতি কুইন্টালে ৪০.০০% ও প্রতি কেজিতে ৩০.৬২% বৃদ্ধি পেয়েছে।

সারণী-খ
পণ্যঃ বেগুন

টাকায়/ কুইন্টাল/কেজি

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	রিপোর্টিং মাসের দর এপ্রিল/১৫		গত মাসের দর মার্চ/১৫		গত বছরের দর এপ্রিল/১৪		মাসিক হ্রাস/বৃদ্ধি (%)		বাৎসরিক হ্রাস/বৃদ্ধি (%)	
	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর
বেগুন	১৯২৬	২৪.৯০	১৫৯৪	২১.২০	২২১৬	২৭.৯৪	২০.৮৩%	১৭.৪৫%	-১৩.০৯%	-১০.৮৮%

পর্যালোচনা

মাসিক পর্যালোচনাঃ উপরোক্ত সারণী 'খ' বিশ্লেষণ করে দেখা যায়, মার্চ/১৫ মাসের তুলনায় এপ্রিল/১৫ মাসে বেগুনের পাইকারী দাম প্রতি কুইন্টালে ২০.৮৩% ও খুচরা দাম প্রতি কেজিতে ১৭.৪৫% বৃদ্ধি পেয়েছে।

বার্ষিক পর্যালোচনাঃ গত বৎসরের একই মাসের তুলনায় বর্তমান বৎসরের একই মাসে অথাৎ এপ্রিল/১৪ ও এপ্রিল/১৫ মাসের তুলনামুলক বাজার দর উপাত্ত অনুযায়ী উপরোক্ত সারণী ''খ'' বিশ্লেষন করে দেখা যায়, বেগুনের পাইকারী দাম প্রতি কুইন্টালে ১৩.০৯% এবং প্রতি কেজিতে খুচরা দাম ১০.৮৮% হ্রাস পেয়েছে।

সারণী-গ

পণ্যঃ শসা

টাকায় /কুইন্টাল/কেজি

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	রিপোর্টিং মাসের দর এপ্রিল/১৫		গত মাসের দর মার্চ/১৫		গত বছরের দর এপ্রিল/১৪		মাসিক হ্রাস/বৃদ্ধি (%)		বাৎসরিক হ্রাস/বৃদ্ধি (%)	
	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর
শসা	১৫৭১	২১.২৮	১৭৩০	২৩.২৫	১৮৯১	২৪.৮৫	-৯.১৯%	-৮.৪৭%	-১৬.৯২%	-১৪.৩৭%

পর্যালোচনা

মাসিক পর্যালোচনাঃ শসা ফসলের বাজার দর উপাত্ত অনুযায়ী দেখা যায় মার্চ/১৫ মাসের তুলনায় এপ্রিল/১৫ মাসে শসার দাম অথাৎ প্রতি কুইন্টালে ৯.১৯% এবং প্রতি কেজিতে ৮.৪৭% হ্রাস পেয়েছে।

বার্ষিক পর্যালোচনাঃ বাৎসরিক হ্রাসবৃদ্ধির পর্যালোচনায় দেখা যায় গত বৎসরের তুলনায় বর্তমান বৎসরের একই সময়ে এপ্রিল/১৪ মাসের তুলনায় এপ্রিল/ ১৫ মাসে শসার দাম প্রতি কুইন্টালে ১৬.৯২% এবং প্রতি কেজিতে ১৪.৩৭% হ্রাস পেয়েছে।

সারণী-ঘ
পণ্যঃ কাঁচাপেঁপে

টাকায় /কুইন্টাল/কেজি

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	রিপোর্টিং মাসের দর		গত মাসের দর		গত বছরের দর		মাসিক হ্রাস/বৃদ্ধি (%)		বাৎসরিক হ্রাস/বৃদ্ধি(%)	
	এপ্রিল/১৫		মার্চ/১৫		এপ্রিল/১৪					
	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর
কাঁচাপেঁপে	১৩৯০	১৮.৫৫	১১১৪	১৫.৩০	১০৫৫	১৪.৬৩	২৪.৭৮%	২১.২৪%	৩১.৭৫%	২৬.৭৯%

পর্যালোচনা

মাসিক পর্যালোচনাঃ কাঁচাপেঁপের বাজার দর বিশ্লেষণে দেখা যায় মার্চ /১৫ মাসের তুলনায় এপ্রিল/১৫ মাসে কাঁচাপেঁপের পাইকারী দাম প্রতি কুইন্টালে ২৪.৭৮% এবং খুচরা দাম প্রতি কেজিতে ২১.২৪% বৃদ্ধি পেয়েছে ।

বার্ষিক পর্যালোচনাঃ গত বৎসরের একই মাসের তুলনায় বর্তমান বৎসরের একই মাসে কাঁচাপেঁপের দাম প্রতি কুইন্টালে ৩১.৭৫% এবং প্রতি কেজিতে ২৬.৭৯% বৃদ্ধি পেয়েছে।

সমন্বিত সারণী
পণ্যঃ আলু হল্যান্ড (সাদা-লাল), বেগুন, শসা, কাঁচাপেঁপে

সারণী-ঙ

টাকায় /কুইন্টাল/কেজি

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	রিপোর্টিং মাসের দর		গত মাসের দর		গত বছরের দর		মাসিক হ্রাস/বৃদ্ধি (%)		বাৎসরিক হ্রাস/বৃদ্ধি (%)	
	এপ্রিল/১৫		মার্চ/১৫		এপ্রিল/১৪					
	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর
আলু- হঃ সাদা	১১৫০	১৪.১৮	৯৩৬	১৫.৭১	৭৮৪	১০.৩৭	২২.৮৬%	৯.৭৪%	৪৬.৬৮%	৩৬.৭৪%
আলু- হঃ লাল	১২৮৮	১৫.০৬	১১১৩	১৩.৪০	৯২০	১১.৫৩	১৫.৭২%	১২.৩৯%	৪০.০০%	৩০.৬২%
বেগুন	১৯২৬	২৪.৯০	১৫৯৪	২১.২০	২২১৬	২৭.৯৪	২০.৮৩%	১৭.৪৫%	-১৩.০৯%	-১০.৮৮%
শসা	১৫৭১	২১.২৮	১৭৩০	২৩.২৫	১৮৯১	২৪.৮৫	-৯.১৯%	-৮.৪৭%	-১৬.৯২%	-১৪.৩৭%
কাঁচাপেঁপে	১৩৯০	১৮.৫৫	১১১৪	১৫.৩০	১০৫৫	১৪.৬৩	২৪.৭৮%	২১.২৪%	৩১.৭৫%	২৬.৭৯%

পর্যালোচনা

মাসিক পর্যালোচনাঃ সমন্বিত আকারে আলু (হঃ সাদা-লাল), বেগুন, শসা ও কাঁচাপেঁপে ফসলের জাতীয় গড় বাজার দর পরিবর্তনের উপাত্ত উপরোক্ত সারণী ‘ঙ’ তে দেখানো হলো। সমন্বিত সারণী ‘ঙ’ পর্যালোচনা করে দেখা যায় যে, মার্চ/ ১৫ এর তুলনায় এপ্রিল/ ১৫ মাসে আলু (হঃ সাদা) এর পাইকারী দাম ২২.৮৬% ও খুচরা দাম ৯.৭৪% বৃদ্ধি পেয়েছে। আলু (হঃ লাল) এর পাইকারী দাম ১৫.৭২% ও খুচরা দাম ১২.৩৯% বৃদ্ধি পেয়েছে। বেগুনের পাইকারী দাম ২০.৮৩% ও খুচরা দাম ১৭.৪৫% বৃদ্ধি পেয়েছে। শসা ফসলের পাইকারী দাম -৯.১৯% ও খুচরা দাম ৮.৪৭% হ্রাস পেয়েছে এবং কাঁচাপেঁপের পাইকারী দাম কুইন্টালে ২৪.৭৮% ও খুচরা দাম প্রতি কেজিতে ২১.২৪% বৃদ্ধি পেয়েছে ।

বার্ষিক পর্যালোচনাঃ বাৎসরিক হ্রাসবৃদ্ধির পর্যালোচনা দেখা যায় গত বৎসরের একই সময়ের তুলনায় বর্তমান বৎসরের একই সময়ে অথাৎ এপ্রিল/১৪ এর তুলনায় এপ্রিল/১৫ মাসে আলু (হল্যান্ড সাদা) এর পাইকারী দাম ৪৬.৬৮% ও খুচরা দাম বৃদ্ধি পেয়ে ৩৬.৭৪%, আলু (হল্যান্ড লাল) এর পাইকারী দাম ৪০.০০% ও খুচরা দাম ৩০.৬২% বৃদ্ধি পেয়েছে, বেগুনের পাইকারী দাম ১৩.০৯% ও খুচরা দাম ১০.৮৮% হ্রাস পেয়েছে, শসার পাইকারী দাম ১৬.৯২% ও খুচরা দাম ১৪.৩৭% হ্রাস পেয়েছে এবং কাঁচাপেঁপের পাইকারী দাম ৩১.৭৫% ও খুচরা দাম প্রতি কেজিতে ২৬.৭৯% বৃদ্ধি পেয়েছে।

তুলনামূলক বাজার দর পরিস্থিতিঃ

মার্চ/১৫ মাসের তুলনায় এপ্রিল/১৫ মাসে নিম্নে সমন্বিত সারণী হতে পাইকারী ও খুচরা বাজার দরের গতিপ্রবাহের তুলনামুলক গ্রাফিক চিত্র উপস্থাপন করা হলো।

এপ্রিল/১৫ ও মার্চ/১৫ মাসের পাইকারী দামঃ

পণ্যের নাম	রিপোর্টিং মাস এপ্রিল/১৫	গত মাস মার্চ/১৫
আলু(হঃসাদা)	১১৫০	৯৩৬
আলু(হঃলাল)	১২৮৮	১১১৩
বেগুন	১৯২৬	১৫৯৪
শসা	১৫৭১	১৭৩০
কাঁচাপেঁপে	১৩৯০	১১১৪

এপ্রিল/১৫ ও মার্চ/১৫ মাসের পাইকারী দামে পরিবর্তনের চিত্র



এপ্রিল/১৫ ও মার্চ/১৫ মাসের খুচরা দামঃ

পণ্যের নাম	রিপোর্টিং মাস এপ্রিল/১৫	গত মাস মার্চ/১৫
আলু(হঃসাদা)	১৪.১৮	১৫.৭১
আলু(হঃলাল)	১৫.০৬	১৩.৪০
বেগুন	২৪.৯০	২১.২০
শসা	২১.২৮	২৩.২৫
কাঁচাপেঁপে	১৮.৫৫	১৫.৩০

এপ্রিল/১৫ ও মার্চ/১৪ মাসের খুচরা দামে পরিবর্তনের চিত্রঃ



(৩) বাজার দরের গতি প্রবাহঃ

কৃষি বিপণন অধিদপ্তর কতৃর্ক সংকলিত আলু (হঃসাদা), আলু (হঃলাল), বেগুন, শসা এবং কাঁচাপেঁপের গত ৬ মাসের জাতীয় গড় বাজার দর সারণী এবং গ্রাফের মাধ্যমে উপস্থাপন করা হলোঃ

সারণী-চ

পাইকারী দামঃ টাকায় /কুইন্টাল

মাসের নাম	আলু (হঃসাদা)	আলু (হঃলাল)	বেগুন	শসা	কাঁচাপেঁপে
নভেম্বর/১৪	১৮৫০	১৯৫১	২২১৫	২২২৩	১০২৯
ডিসেম্বর/১৪	২০৫৯	১৮০২	১৭৩০	১৮৬০	১০২০
জানুয়ারি/১৫	১১২৪	১৩২৫	১৭২৯	১৭০২	১০৬১
ফেব্রুয়ারি/১৫	৮৮০	১০৮৫	১৮১৩	১৭৭৩	১০৮৮
মার্চ/১৫	৯৩৬	১১১৩	১৫৯৪	১৭৩০	১১১৪
এপ্রিল/১৫	১১৫০	১২৮৮	১৯২৬	১৫৭১	১৩৯০

নভেম্বর/১৪ হতে এপ্রিল/১৫ মাস পর্যন্ত আলু(হঃসাদা),(হঃলাল), বেগুন, শসা ও কাঁচাপেঁপের পাইকারী দামের গতি প্রবাহঃ



পর্যালোচনা

সারণী 'চ' থেকে নভেম্বর/১৪ হতে এপ্রিল/১৫ পর্যন্ত গত ছয় মাসের পাইকারী বাজার দর বিশ্লেষণ নিম্নরূপঃ

আলু হল্যান্ড(সাদা-লাল)ঃ সারণী 'চ' তে গত ৬ (ছয়) মাসের বাজার দর বিশ্লেষণ করে দেখা যায় নভেম্বর/১৪ মাসের তুলনায় ডিসেম্বর/১৪, মাসে দাম সামান্য বৃদ্ধি পেয়ে জানুয়ারি/১৫, মাসে হ্রাস পেয়েছে আবার ফেব্রুয়ারি/১৫, মার্চ/১৫ ও এপ্রিল/১৫ মাসে আলু (হঃ সাদা) দাম হ্রাস পেয়েছে। আবার নভেম্বর/১৪ মাসের তুলনায় ডিসেম্বর/১৪, জানুয়ারি/১৫, ফেব্রুয়ারি/১৫, মার্চ/১৫ ও এপ্রিল /১৫মাসে আলু (হল্যান্ড লাল) দাম হ্রাস পেয়েছে।

বেগুনঃ বেগুন ফসলের বাজার দর বিশ্লেষণ করে দেখা যায় নভেম্বর/১৪ মাসের তুলনায় ডিসেম্বর/১৪ জানুয়ারি/১৫ ফেব্রুয়ারি/১৫, মার্চ /১৫ও এপ্রিল /১৫ মাসে দাম হ্রাস পেয়েছে।

শসাঃ শসা ফসলের বাজার দর উপাত্ত অনুযায়ী দেখা যায় নভেম্বর /১৪ মাসের তুলনায় ডিসেম্বর /১৪ জানুয়ারি/১৪, ফেব্রুয়ারি /১৫ মার্চ/১৫, এপ্রিল /১৫ মাসে দাম সামান্য হ্রাস পেয়েছে।

কাঁচাপেঁপেঃ সারণী 'চ' থেকে কাঁচাপেঁপের বাজার দর বিশ্লেষণ করে দেখা যায় নভম্বর /১৪ মাসের তুলনায় ডিসেম্বর/১৪, মাসে সামান্য হ্রাস পেয়ে জানুয়ারি /১৫, ফেব্রুয়ারি /১৫ মাচৃ/১৫ ও এপ্রিল /১৫ মাসে দাম বৃদ্ধি পেয়েছে।

সারণী-ছ

খুচরা দামঃ টাকায় /কেজি

মাসের নাম	আলু (হঃসাদা)	আলু (হঃলাল)	বেগুন	শসা	কাঁচাপেঁপে
নভেম্বর/১৪	২১.০০	২২.৩৪	২৮.৭৬	২৭.৫০	১৪.৬১
ডিসেম্বর/১৪	২৪.৫৯	২০.৯৫	২২.৯৩	২৪.৬৪	১৪.৪৭
জানুয়ারি/১৫	১৪.৩০	১৬.০০	২২.৮৫	২২.৪২	১৪.৫৮
ফেব্রুয়ারি/১৫	১২.১০	১৩.৩১	২৩.৭৫	২৩.৩৮	১৫.০৫
মার্চ/১৫	১৫.৭১	১৩.৪০	২১.২০	২৩.২৫	১৫.৩০
এপ্রিল/১৫	১৪.১৮	১৫.০৬	২৪.৯০	২১.২৮	১৮.৫৫

নভেম্বর/১৪ হতে এপ্রিল/১৫ পর্যন্ত আলু (হঃসাদা),আলু (হঃলাল), বেগুন, শসা ও কাঁচাপেঁপের খুচরা দামের গতি প্রবাহঃ



পর্যালোচনাঃ

সারণী ‘ছ’ থেকে নবেম্বর /১৪ হতে এপ্রিল/১৫ পর্যন্ত গত ছয় মাসের খুচরা বাজার দর বিশ্লেষণ নিম্নরূপঃ

আলু হল্যান্ড(সাদা-লাল)ঃ সারণী ‘ছ’ তে গত ৬ (ছয়) মাসের বাজার দর বিশ্লেষণ করে দেখা যায় নভেম্বর/১৪ মাসের তুলনায় ডিসেম্বর /১৪, মাসে আলু (হঃ সাদা) দাম সামান্য বৃদ্ধি পেয়েছে।
আবার জানুয়ারি /১৫, ফেব্রুয়ারি /১৫ মার্চ/১৫ ও এপ্রিল/১৫ মাসে আলু (হঃ সাদা) দাম সামান্য হ্রাস পেয়েছে। আবার নভেম্বর/১৪ মাসের তুলনায় ডিসেম্বর/১৪, জানুয়ারি/১৫ ফেব্রুয়ারি/১৫ মার্চ/১৫ ও এপ্রিল/১৫ মাসে আলু (হঃ লাল) দাম সামান্য হ্রাস পেয়েছে।

বেগুনঃ বেগুন ফসলের খুচরা বাজার দর বিশ্লেষণ করে দেখা যায় নভেম্বর/১৪ মাসের তুলনায় ডিসেম্বর/১৪, জানুয়ারি/১৫, ফেব্রুয়ারি/১৫ এবং মার্চ/১৫ এপ্রিল/১৫ মাসে হ্রাস পেয়েছে।

শসাঃ শসা ফসলের বাজার দর উপাত্ত অনুযায়ী দেখা যায় নভেম্বর /১৪ মাসের তুলনায় ডিসেম্বর /১৪ জানুয়ারি /১৪, ফেব্রুয়ারি/১৫, মার্চ/১৫ ও এপ্রিল/১৫ মাসে দাম সামান্য হ্রাস পেয়েছে।

কাঁচাপেঁপেঃ সারণী ‘ছ’ থেকে কাঁচাপেঁপের বাজার দর বিশ্লেষণ করে দেখা যায় নভেম্বর /১৪ মাসের তুলনায় ডিসেম্বর/১৪ ও জানুয়ারি/১৫, মাসে সামান্য হ্রাস পেয়ে ফেব্রুয়ারি/১৫ মার্চ/১৫, এপ্রিল/১৫ মাসে কাঁচাপেঁপের দাম কিছুটা বৃদ্ধি পেয়েছে।